- (c) In this State we have no Grade IV employees.
- 8]. Canesh Chosh: With reference to answer (b) will the Honble Minister kindly state whether a decision on this pay-scale has already been taken or it is still under contemplation?

The Hon'ble Dr. Raffuddin Ahmed: A decision has already been taken and it was gazetted in the Calcutta Gazette, dated 20th September, 1952 and the classes of scale I have mentioned before.

8]. Ganesh Chosh: With regard to answer (c), what category the menials in the Veterinary College and Hospital are placed in? Are they placed in Grade IV--in what grade they are placed?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: In the State of West Bengal we do not call them Class IV. According to the definition given in rule 5(19) of the West Bengal Service Regulations, Part I, it states as follows: "Interior service means any kind of service which may be specially classified as such by order of the Government and any other kind of service on pay not exceeding Rs, 40"—that is the definition.

Sj. Ganesh Chosh: Can the Minister enlighten us as to the number of those whom we call menials in the Veterinary College and Hospitals?

[3-50—4 p.m.]

The Hon'ble Dr. Rafluddin Ahmed: Of these inferior service people there are 30 permanent and 21 temporary hands,

- Mr. Speaker: In the Library there are printed Government Regulations and all these details are given there. Next question.
- **8j. Canesh Chosh:** Sir, I have got a few more supplementaries because this question is hanging fire for a long time.
- Mr. Speaker: Apart from what you may ask, the definition of "Interior Service" is there in print.
- 8j. Ganesh Chosh: No, I did not ask for the definition of "Inferior Service". I asked for the number of those who are placed as menials in the Veterinary College and Hospital and I further asked as to how many of them have been made permanent and how many of them are still temporary.

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: I have just mentioned—permanent 80 and temporary 21.

8]. Canesh Chosh: Can you further enlighten us—of those who are temporary, how long they are in service?

The Hon'ble Dr. Raffuddin Ahmed: The following are in temporary service for a maximum period of two years:—

In the scheme for investigation into the sterility of cattle in West Bengal—4, in the scheme for investigation of Physiological Norms of Indian Cattle—1, in the scheme for control and eradication of Humpsore in West Bengal—1, in the scheme for maintaining a small Dairy Unit at the Bengal Weterinary College—6, in the scheme for two-year Emergency Diploma Course in Veterinary Science—4, in the scheme for Mass Production of Rinderpest Vaccine in West Bengal—4 and in the scheme on Nutritional Significance of Milk Sugar—1. All these make 21. All these schemes are temporary. Therefore, these persons must be temporary.

8]. Canesh Chosh: Of these temporary men, perhaps the Hon'ble Minister remembers that about three years back some of these menials came to see him and some of them had worked for 28 years without being made permanent. Have they been made permanent?

The Hon'ble Dr. Rafiuddin Ahmed: They have been made permanent and they are amongst the list of 30 which I have mentioned before. The other 21 are recent recruits.

Test relief work in Birbhum district

- *40. (Admitted question No. *46.) Sj. Mihirial Chatterjee: Will the Hon'ble Minister in charge of the Relief Department be pleased to state-
 - (a) what amount has been sanctioned for test relief work in the district of Birbhum for the year 1957-58; and
 - (b) what other relief has been sanctioned to meet the prevailing scarcity, high prices and unemployment?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen): (a) Rupees one lakh and eighty thousand besides foodgrains.

(b) A statement is laid on the Table.

Statement referred to in reply to clause (b) of starred question No. 40

- (1) Gratuitous relief—Rs.30,400.
- (2) Agricultural loans-Rs.4,50,000.
- (3) Special house-building loans to flood-affected people-Rs.2,00,000.
- (4) House repairing grants to flood-affected people-Rs.50,000.
- (5) Free supply of building materials to flood-affected people under "Build Your Own House" Scheme—
 - (i) G.C. sheets-23 tons valued at Rs.17,480.
 - (u) Coal-528 tons valued at Rs.8,620.
- (ui) Timber for door frames, window material, screws, washers, nails, etc.—Rs.8,000.
- (6) Clothings-100 pieces.
- (7) Child garments-400 pieces.
- (8) Gratuitous relief to people affected by fire accidents-Rs.4,655.
- (9) Rice-7,700 maunds.
- (10) Wheat-12,650 maunds.

8]. Mihirlal Chatterjee:

या वजाम्म थता रुराहरू जात गर्था करु जेका थत्रह रुवात मश्वाम পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি সঠিক বলতে পারি না, gratutious relief, agricultural loan, special house-building loan বিলি হয়েছে, হাউস-রিপেয়ারিং গ্রান্টসও বিলি হয়েছে।

8j. Mihirlal Chatterjee:

প্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে রিলিফের বরান্দ বাড়ানোর অনুরোধ পেয়েছেন কি না?

The Hon'ble Prafulla Chandra Sen:

স্থানীয় কর্তৃপক্ষ যেমন যেমন টাকা চেয়েছেন সাধ্যান,যায়ী দেওয়া হয়েছে।

8j. Durgapada Das:

কতজন লোক স্পেসাল হাউস বিল্ডিং লোন পেয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সংখ্যা বলতে পারব না. নোটিশ চাই।

Sj. Jagannath Majumder:

এখানে স্পেসাল কথাটা বলছেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এইজন্য বলছি, এইজন্য যে সিকিউরিটি যদি দিতে পারে তবে ১,০৫০ টাকা প্র্যুক্ত দেওয়া হয়।

Sj. Apurba Lai Majumdar:

যে টাকা দেওয়া হয়েছে অর স্যাংশান হয়েছে, সেথানকার মান্বের ডিমান্ড এর চেয়ে বেশি ছিল কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

কর্তপক্ষ যেমন চেয়েছে দেওয়া হয়েছে।

8j. Radhanath Chattoraj:

্মশ্রী মহাশয় অবগত আছেন কি বন্যাবিধন্দত বহু লোক টাকা পায় নি, তারা টাকা পাবে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

ঠিক সময়মত পাবে।

Si. Radhanath Chattoraj:

সময় কখন হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

গভর্মেন্ট যখন ঠিক মনে করবেন।

Sj. Radhanath Chattoraj:

টেস্ট রিলিফ ওয়ার্ক অসমাণত অবস্থায় পড়ে আছে, রাস্তাগালির কি হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

টেস্ট রিলিফ রাস্তার জন্য দেওয়া হয় না।

Sj. Amarendra Nath Sarkar:

गाननीय मन्द्री भरागय जातन कि एय ১० राजात भग भभ अथता विकि रय नि?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা' বলতে পারি না।

Sj. Radhanath Chattoraj:

লাভপরে থানায়...

The Hon'ble Fratuua Chandra Sen:

नाङ्भारतत थवत वनरङ भातव ना। त्नाप्रिम मिल्न वनरङ भातव।

Modified rationing in the rural areas of Hooghly district

- *41. (Admitted question No. *162.) 8j. Monoranjan Hazra: Will the Hon'ble Minister in charge of the Food Department be pleased to state—
 - (ক) হ্বগলী জেলার কতগ্রিল ইউনিয়নে মডিফাইড রেশনিং চাল, হইয়াছে;
 - (খ) ইউনিয়নগর্বার নাম;
 - (গ) ইউনিয়নস্থ দোকানদারদের নাম: এবং
 - (ঘ) ঐ-সকল দোকানের কোন্টিতে কত লোক রেশন পাইবে তাহার সংখ্যা?

The Minister for Food, Relief and Supplies (The Hon'ble Prafulla Chandra Sen):

- (क) গত ৮ই জন পর্যালত ৭২টি ইউনিয়নে মাডফাইড রেশনিং চালা হইয়াছে।
- (খ) হইতে (ঘ) সংশ্লিষ্ট খবরগর্নি একটি বিবরণীতে লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

UNSTARRED QUESTION

(answer to which was laid on the table)

Medical College at Burdwan

- 1. (Admitted question No. 231.) SJ. Pramatha Nath Dhibar: Will the Hon'ble Minister in charge of the Health Department be pleased to state—
 - (ক) সরকার জানাইবেন কি যে, বর্ধমানে Medical College করিবার কোন scheme সরকারের আছে কিনা: এবং
 - (খ) যদি থাকে, কখন হইতে ইহা কার্যকরী করা হইবে?

The Minister of State for Health (The Hon'ble Dr. Anath Bandhu Roy):

- (क) না কোন scheme নাই।
- (খ) প্রশ্ন উঠে না।

Mr. Speaker: On Saturday it is the practice not to allow questions So, there will be no questions tomorrow.

Debate on the point of order

(Sj. Subodh Banerjee rose to speak.)

Mr. Speaker: To the honourable members of this House I promised a debate today on the point of order which was raised by the Judicial Minister the Hon'ble Siddartha Sankar Roy. Mr. Banerjee was particularly keen that that point of order should be debated today. But we have other important business today. Mr. Banerjee approached me and he has agreed that that point of order would be discussed next week—I will give a date.

Personal Explanation

Dr. Prafulia Chandra Chose: The other day—on Tuesday last—Dr. Roy, the Chief Minister, said that P.S.P. received help from the Tatas. That is absolutely incorrect. I have ascertained it from the Bombay P.S.P. I did not reply then and there because although I knew it, but still I thought that before ascertaining definitely I should not contradict him. But he said something—he probably used the word "perhaps". I have received the following telegram from the Secretary of the Bombay P.S.P. "I emphatically refute West Bengal Chief Minister's allegation on the Assembly floor that Bombay Praja Socialist Party takes financial help from Tatas. Such help is monopoly of those who get Company Act suitably amended".

So, I hope, now Dr. Roy will probably correct his statement.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I said that I read in the papers an argument placed before the High Court by the opposite side that some members of the P.S.P. have been given this money. If they have not been given the money, I stand corrected.

NON-OFFICIAL RESOLUTIONS

Mr. Speaker: Now, we will take up Non-official Resolutions. Resolution No. 4, standing in the name of Shri Mohammad Yeakub Hossain will be taken up first. It is being taken out of turn.

- 8]. Bijoy Singh Nahar: Sir, I beg to move.....
- 8j. Subodh Banerjee: On a point of order, Sir.
- Mr. Speaker: I take it that a resolution ought to be moved by the member who has brought in the resolution and it any other honourable member wishes to take his place and move the resolution, permission will have to be sought from the Chair asking for liberty to move the resolution and upon that permission being obtained, such resolution can be moved by him. The rule in question, if I may draw the attention of the honourable members, is rule 96.
- 8j. Bijoy Singh Nahar: Sir, a resolution has also been tabled by me on the same subject. However, I may be permitted to move this resolution.
 - Mr. Speaker: Yes, you move this resolution.

[4-4-10 p.m.]

- Sj. Bijoy Singh Nahar: Sir, I beg to move that while khole-heartedly welcoming the proposed scheme of the Central Government to settle the East Bengal refugees in Dandakaranya which commands an extensive area of land measuring about 80,000 square miles and has potential resources which may be developed primarily for the resettlement of displaced persons from East Pakistan and which has potentialities not only for physical settlement but for economic rehabilitation in the midst of favourable social environment this Assembly is of opinion that—
 - (i) the Government of West Bengal should take up this matter with the Government of India for a speedy and Successful implementation of this scheme so that the refugees who have not yet been so far properly rehabilitated in this State may be settled in Dandakaranya; and
 - (ii) topmost priority should be given to the implementation of this scheme under a statutory body on which West Bengal should be adequately represented along with the other States concerned.

অধাক্ষ মহোদয়, আমি কিছুদিন পূর্বে কাগজে দেখেছি এবং মাননীয় মন্ত্রী প্রফল্লেচন্দ্র সেন মহাশয়ও এই সভায় জানিয়েছিলেন যে ভারত সরকার দণ্ডকারণ্য জায়ণা যেটা উডিয়া রয়েছে সেখানে রিফিউজিদের বসবাসের ব্যবস্থা করছেন। সেই জায়গা সম্বন্ধে যতটা আমি খবর পেরেছি তাতে জানতে পেরেছি যে সেই জায়গাটা বাংলাদেশের সংখ্য মিলিয়ে অনেকটা একই রকম হবে। জলের যথেষ্ট বাবস্থা আছে, বড বড নদী রয়েছে এবং শাখাপ্রশাখা নিয়ে গোদাবরী ইরাবতী, অয়েন গণ্গা আছে, তাই জলের যথেষ্ট সুযোগস্বিধা রয়েছে। সেখানে জ**ণ্যলের** মধ্যে যে জায়গা তাতে এগ্রিকালচার এবং আরও অনেক রকম কাজের সূখসূর্বিধা আছে এবং যথেন্ট পরিমাণ জায়গাও পাওয়া যাবে যেখানে এখানকার ভাইবোনদের পাঠিয়ে সুবাবস্থা করা যেতে পারে। বাংলাদেশের আজ যে বিরাট প্রশ্ন রয়েছে এই উশ্বাস্তৃভাইরা যারা পূর্ব পাকিস্তান থেকে এসেছে, যাদের এখানে ভালভাবে বসবাসের বাবস্থা হয় নি, এখানে যারা নিজেরা রোজগার করে মানুষের মত বাঁচবার উপযুক্ত হ'তে পারে নি. তাদের সেখানে বসবাসে**র** বাবন্থা ক'রে যাতে এই সমস্যার আশ্র সমাধান হ'তে পারে তাই হ'ল সবচেয়ে বড সমস্যা। আমি আশা করি সেখানে দলমত নিবিশৈষে এই চেণ্টা করা বিশেষ দরকার যাতে এই সমস্যার তাড়াতাডি সমাধান হয় এবং প্রত্যেক ভাইবোন যারা এসেছে তার। বিপদের মধ্যে যেয়ে মানুষের মত বসবাস করে সুখী ও সম্দিধশালী হয়। আজকে বাংলাদেশে যেসমুহত ভাইবোনেরা এসেছে তাদের সকলকে এথানে হথান দিয়ে ভালভাবে ব্যবস্থা করা সম্ভবপর নয়। কার**ণ** এখানে স্যাচুরেশন পয়েন্ট এসে গিয়েছে, আমাদের এখানে যে সংখ্যা রয়েছে তাদের বিভিন্ন জায়গায় আরও ভাল বাবস্থা ক'রে পাঠান দরকার এবং বাবস্থা এমন হওয়া উচিত যাতে শুধ্ বাডি তৈরি নয় তারা যেন সংখেসম্পিতে ভালভাবে থাকতে পারে। অনেকে একথা বলেন যে, বাংলার বাইরে বাণ্গালী ভাইদের পাঠান উচিত নয়। আমি মনে করি আমাদের এমন অবস্থা এসেছে বাংলার বাইরে বাংলা ভাষার প্রচার করে বাংলার কৃষ্টি- কালচার সমুহত ভারতবর্ষে যদি ছড়াতে পারি তা হ'লে তা বাংলার শক্তি বৃদ্ধি করবে এতে কোন লক্ষার ব্যাপার কিছু নাই। আমাদের জায়গা কম আছে যদি আমরা বাংলার বাইরে বাংলাভাষার প্রচার করতে পারি কৃষ্টির প্রচার করতে পারি, সুখী সমুন্ধ হ'তে পারি, রোজগার করতে পারি, নিজেদের বাবস্থা করতে পারি, তা হ'লে এর চেয়ে সুখের কি আছে? তার সমসত সুযোগ এই অঞ্চলে রয়েছে, এর বিশেষ স্থোগ দণ্ডকারণ্যে রয়েছে। আমার বিশ্বাস আছে যে, ঐ জ্ঞালের মধ্যে যে কাঠ আছে তাতে সি পি টিকএর বহু গাছ আছে যা থেকে নিজেরা রোজগারের বাবস্থা করতে পারে? रमधारन ठाम थ्र ভाम হয় **रमर्टे** मर अक्षल, তाর সংশ্য আথের চাষ, আরও বহু রকম চাষের স্কৃতিধা রয়েছে, এটা আমি জানি এবং যারা সেই জায়গা দেখেছেন তারাই জানবেন যে, সেখানে

এই ব্যবস্থা রয়েছে। সেখানে রাবার প্ল্যানটেশনএর অনেক সুযোগ সুবিধা পাওয়া যেতে পারে এবং তার সংখ্য সংখ্য রেশম ও কিছু কিছু ফলের উৎপাদনেরও সুযোগ পাওয়া যেতে পারে —এরকম জমি সেখানে রয়েছে। তবে একথা ঠিক যে, আমাদের বাংলাদেশের রিফিউজিদের সেখানে পাঠানোর পূর্বে এমন বাবস্থা করা উচিত যাতে সেখানে রোজগার করে সেখানে তারা থাকতে পারে। অনেক সময় দেখা যায় এমন অবস্থায় তাদের পাঠান হয়েছে যে সেখানে বাডি রয়েছে, জমি রয়েছে কিন্তু সেখানে রোজগারের কোন ব্যবস্থা না থাকার ফলে নানারকম গণ্ডগোলের সূণ্টি হয় এবং তারা ফিরে আসতে আরম্ভ করে। কাজেই কোন রোজগারের বাবস্থা করেই হোক কটেজ ইন্ডাস্ট্রি স্মল স্কেল ইন্ডাস্ট্রি করেই হোক এবং কলকাবখানাব বাবস্থা যদি সেখানে থাকে এবং এরকম বাবস্থা করে যদি তাদের পাঠাতে পারা যায जा इ'ला ভाष देरा। जामि कागरक प्रथमाम न्यामनाम एउडम्परमणे कार्डेन्सिम रा स्कीम करतरह. তাদের যে প্রধান স্কীম তাতে সেখানে যারা যাবে, উম্বাস্ত ভাইবোনেরা যাবে, তাতে প্রথমে সেখানে তাদের নিয়ে গিয়ে তাদের ম্বারা সেখানে কাজ করাতে হবে এবং সেখানে যে ঘরবাড়ি রাম্তাঘাট তৈরি হবে, সেখানে কলকারখানা তৈরি হবে, এই রিফিউজিদের স্বারাই সেটা করান হবে যাতে তারা ব্রুতে পারে যে, আমাদের মঙ্গলের জন্য আমাদের এই পরিশ্রমের ব্যবস্থা হয়েছে। আমাদের বাঁচবার বাবস্থা নিজেদের পায়ে দাঁড়িয়ে নিজেদের আগ্রহে করতে যাতে পারি তার স্যোগস্বিধা স্টার্রপে করা হয়েছে। সেইজনা আমি সরকারকে অন্রোধ জানাচ্ছি যাতে এই বাবস্থা সাচারার পে করতে পারা যায় অর্থাৎ তাদের সেখান থেকে নিয়ে গিয়ে তাদের ছেডে দিয়ে তাদের খাবারের এবং রোজগারের ব্যবস্থা না যদি করা হয় তা হ'লে এই স্কীম एक कत्रत। आग्नि अकथा कानिए। अकथा वनए हारे, स्मार्थन एव किर्विनाल्यत वावन्था रूप এবং সেখানে যেসব কলকারখানার ব্যবস্থা হবে, সেখানে রিফিউজিরা প্রথমে সেইসব বিষয়ে শিক্ষা দিবার, ট্রেনিং দিবার বাবস্থা ক'রে যেন তারপর সেখানে নিয়ে যাওয়া হয়। তা হ'লে তারা **र्गामभाम मृ**ष्टि कत्रत्व ना এवः कत्रत्मि आत रिक्ति हा आना द्वा ना। आत स्मिश्त या कि কাজ হবে, পরিশ্রমের কাজ যে ভাইবোনরা সে কাজ করতে চান তাঁদের যেন সেই স্যযোগস্বিধা দেওয়া হয়। সাধারণত দেখা যায়, সরক:রী কাজ কন্টাক্টরদের দ্বারা করান হয় এবং পরে দেখা যায় তার ফলে অনেক সময় সে কাজ ভাল হয় না। কাজেই সে কাজ যাতে এদের শ্বারা করান হয় এবং নিজেদের জিনিস নিজেরাই করতে পারে এদিকে সরকারের দূচ্টি আকর্ষণ করছি এবং যে দকীম হবে, যে বাবদথা হবে, তার মধ্যে যদি এরকম পরিকল্পনা থাকে তা হ'লে এদের মণ্ণাল সানিশিচত।

আর একটা বাবস্থা করা দরকার। যথন স্কীম কার্যকরী হবে তথন যারা স্বেচ্ছায় সেখানে থেতে চাইবে তাদেরই যেন পাঠান হয়। কারণ তারা যেন অন্তব না করে আমাদের জোর ক'রে বাংলাদেশের বাইরে পাঠিয়ে দেওয়া হচ্ছে। আমি জানি, অনেকের সঞ্চো কথা বলেছি, বহুলোক বহু বিফিউজি ভাইরা এসব জায়গায় যেতে চান নিজেদের বাঁচবার বাবস্থা নিজেরাই করতে চান যদি সনুযোগ তাঁদের দেওয়া হয়। আমি মনে করি এবং বিশ্বাস করি এই ব্যাপারে সর্বদল মিলে মিশে চেন্টা করা যেতে পারে। যাঁরা আগে যেতে চান তাঁদের আগে পাঠিয়ে যাতে ভাল থাকবার বাবস্থা করতে পারা যায় সরকার যেন সেদিকে দ্বিট দেন।

14-10-4-20 p.m.]

অন্য জায়গার অফিসার যদি বাবস্থা করেন সেখানে কিরকম থাকবার খাবার ব্যবস্থা রয়েছে, কিরকম অভাসে তাদের রয়েছে আমাদের এখানে তা না জানবার দর্ন অনেক উল্টো জিনিস হ'তে পারে এং তার জন্য অনেক অস্বিধা ভোগ করতে হবে তাদেরই রিফিউজি বারা নাকি সেখানে যাবেন। আমি বলব বাংলাদেশের এমন অফিসার পাঠানো হোক, যাঁরা সেখানে থাকবেন, বসবাস করবেন—এই ডিক্লারেশন দিতে পারবেন সেই রকম অফিস রের ব্যবস্থা মদি হয়, তা হ'লে তাঁরা মিলে মিশে তাদের সংগ্ণ থাকবেন এবং তার ফলে সেখানক'র ব্যবস্থা স্চার্র্পে সম্পন্ন হবে। কেবল কতকগ্লি অফিসার যাবেন, দ্বিদ্বু বাদে চ'লে আসবেন, তাদের দিয়ে প্নবর্সতির কাজ করবেন তা। এই রকম অফিসার যাবি যান যাঁরা সেখানে থাকবেন তাদের সংগ্ মিলেমিশে কাজ করবেন তা হ'লে অনেক কিছু ভাল সেখানে করতে পারা যাবে। স্থেগ্য যথন একটা

পাওরা গেছে অসে,ন আমরা সকলে মিলে যাতে একটা সুবাবস্থা করতে পারি সেই জারগায় তার ব্যবস্থা করি এবং আমাদের এখানে যে বিরাট প্রশ্ন, রিফিউজি প্রশন সেটা যাতে তাড়াতাড়ি শেষ করতে পারি এবং ভালভাবে যাতে রিফিউজি ভাইবোনেরা নিজেরা থাকবার সুযোগ পান সেই ব্যবস্থার কথা এই প্রস্তাবের ভিতর রয়েছে। স্বৃতরাং এই সুযোগ যেন আমরা নিই এবং নিয়ে যেন কাজটা তাড়াতাড়ি করতে পারি এই ব'লে আমার বক্তবা শেষ করলাম।

8j. Subodh Banerjee: Sir, I beg to move that for the words beginning with "while whole-heartedly welcoming" and ending with "social environment" in line 7, the words, "In view of the paucity of information relating to the question of economic rehabilitation of refugees from East Pakistan in Dandakaranya" be substituted.

I also beg to move that for the words beginning with "the Government of West Bengal" in line 9, and ending with "other States concerned" in last line, the words, "the Government of West Bengal should ask the Government of India to furnish them with all details of the Dandakaranya Scheme so as to enable the people of West Bengal to consider the desirability or otherwise of sending refugees from East Pakistan to Dandakaranya", the substituted.

- 8j. Jyoti Basu: Sir, I beg to move that for the words beginning with "whole-heartedly" and ending with "social environment" the following be substituted, viz..—
 - "This Assembly takes note of the reported proposal of the Government of India to develop, for the purpose of resettling displaced persons from East Pakistan, Dandakaranya which is said to command an extensive area of about 80,000 square miles and to have potential resources not only for the physical re-settlement of such displaced persons but also for their economic rehabilitation in the midst of favourable social environment."

r also beg to move that for the paragraphs (i) and (ii) of the resolution, the following be substituted, viz., -

- "(a) the West Bengal Government should ascertain from the Government of India the details of the proposed scheme for the development of Dandakaranya; and
 - (b) thereafter call a conference of the representatives of the different parties and groups in this House and place the scheme before it for consideration."
- 8j. Jagannath Majumdar: Sir, before he proceeds, may I know what has happened to my short notice amendment?
- Mr. Speaker: You wanted to include Andaman and Nicobar Islands—but that amendment is rather out of touch and so out of order. Yes, Shri Jyoti Basu.

Sj. Jyoti Basu:

প্রণীকার মহাশয়, যে প্রস্তাবটা আমাদের সামনে আনা হয়েছে, আজকে দণ্ডকারণো, বহুদ্রের বাসভুহারাদেব নিয়ে যারাব জনা এবং তাদের সেখানে পুনর্বাসনের জনা, আমি মনে করি, এই প্রস্তাব এইভাবে আনা সম্বিটান হয় নাই, না আনাই উচিত ছিল। কারণ এটা যদি গুরুত্বপূর্ণ প্রস্তাব এবং তাড়াতাড়ি এটা কার্য প্রিণত কবার প্রস্থাজনীয়তা আছে মনে কবতেন তা হ'লে আমাদের কাছে যেরকম ব্রুত্ত নিয়ে প্রস্তাব রাখা হয়েছে নিশ্চয়ই সেটা বাখা হ'ত না। শোনা যাছে

ঐবক্স কোন স্কামই হয় নাই। আমরা ত' জানি না কি স্কাম আছে। কাগজে কতকগ্রেল সংবাদ দেখেছি—ছাডা ছাড়া কতকগুলি সংবাদ তা থেকে বলতে পারি না আমরা কোন একটা সম্মিটিগত পরিকল্পনা দুশ্ডকারণ্য সম্বন্ধে আছে। এর আয়তন সম্বন্ধে শুনেছি কিন্তু সমৃতিগত পরিকল্পনা কি এটা কেউ বলেন নি। শ্রীবিজয় সিং নাহার যে বস্তুতা দিলেন তা থেকেও ব্রুতে পারলাম না এবং কাগজে যা পড়েছি তা থেকেও বেশি কিছু ব্রুতে পারি নি। আমি মনে করি আজ এটা একটা সিরিয়াস ব্যাপার, একটা গ্রেছপূর্ণ বিষয়—সামাদের কাছে অন্ততপক্ষে তাই যদি হয়, তা হ'লে আমি বলব যে, এ প্রস্তাব প্রত্যাহার কারে নেওয়া উচিত। কারণ এটা এনে আপনারা কি করছেন? আমি মনে করি এই প্রস্তাব যদি কোন লোক **ज्यार**माठना कतरू हान हा ह'रम हिन कि वमरू भातरक? रकान काले अथारन स्नेह, रकान ম্বটনা নাই মাকে নাকি আমরা ওয়েলকাম কর্রাছ। এখানে লেখা আছে—আমর: এই প্রস্তাব**কে** শ্বাগত জানাচ্ছি, অভিনন্দন জানাচ্ছি সেটা কোন্ কোন্ প্রস্তাব ? আমার মনে হয়, একটা দায়িত্বজ্ঞানহীনতার পরিচয় আমাদের সামনে এই প্রস্তাবটা এনে দিয়েছে। আমি মনে করি ষে একটা কাঠামো থাকা উচিত যে, এইভাবে এত রিফিউজি যাবে, এত দিনের মধ্যে, এত জায়গায় এত পরিবার বসতে পারবে। সেই পরিবারের পুনর্বসতি কত হবে জমিতে, কত হবে কৃটিরশিলেপ, কত বা হবে অন্যান্য বড় শিলেপ তা কিছাই আমাদের কাছে নাই। অথচ ব'লে দেওয়া হচ্ছে, একে অভিনন্দন জানাচ্ছি স্বাগত জানাচ্ছি! এইভ বে আমরা অভিনন্দন জানাতে পারি না স্বাগত জানাতে পারি না।

ৰ্ণীন্বতীয়ত, আমাদের সংশোধনী যে প্রস্তাব, সে প্রস্তাবে আমর: বলতে চেন্টা করেছি, আমরা একথা বলি নি যে, এরকম কোন প্রস্তাব আমরা চাই না। এরকম কোন প্রস্তাব আমাদের সামনে আনবেন না বা এরকম প্রস্তাব আমরা কর্নসিডার করতে রাজি নই, একথা বলি নাই। আমাদের মোট কথা হচ্ছে, আমরা বলৈছি-এইরকম প্রস্তাব যদি কিছু, থাকে, পবিকল্পনা যদি কিছু থাকে, ভারতব্যের সরকারের কাছু থেকে বা স্ল্যানিং কমিশনের কছু থেকে আপনারা নিয়ে আসনে কিভাবে সারভে তাঁরা করেছেন, কি তাঁদের পরিকল্পনা, কত টাকা তাঁরা থরচ করবেন। কিছাই বলছেন না বিজয় সিং নাহার। আমর। বলছি সেগালি আনান, এনে তরপর আস্বেন, আমরা আলোচনা করব। যদি এরকম হ'ত যে, একটা পোস্ট করতে হবে, একটা বড় রাম্ভা করতে হবে, দুর্গম পাহাড়ে রাম্ভা করতে হবে, এরকম একটা ব্যাপার যদি হ'ত তা হ'লে সে সম্পর্কে স্বীকৃতি এই ভেবে দিতাম যে, আচ্ছা, আরম্ভ ত' হোক, পরে দেখা যাবে। এ ত' ভানয়। এ জংগল পরিক্ষার ক'রে জমি হচ্ছে, তানয়। দশ বংসর ধরে আপনাদের অভিজ্ঞতা **আছে যে**, বাস্তহারা সমস্যার সমাধান কি, কতটা জটিল সমস্যা নিয়ে সেথানে কারবার। শুধু কতকগুলি মান্যকে কলির কাজে পাঠালেন, তারপরে তাদের বসতি দিয়ে বললেন—মজ্জরি করবে, তোমাদের পরিবারবর্গ নিয়ে এখানে থাক, তারপরে জন্গল পরিন্কার হ'লে দেখা যাবে কত জ্ঞামি পাওয়া যায়-এইভাবে লোভ দেখিয়ে তাদের নিয়ে যাওয়া যায়-এত হ'তে পারে না। বলছেন হাজার হাজার লোককে, লক্ষ লক্ষ লোককে সেখানে নিয়ে যাবেন এবং এখানে যারা ক্যান্সে আছে তাদেরও বলছেন ঐথানে যেতে হবে। আগামী ভবিষাতে পূর্ববিষ্ণ থেকে যারা আসছে তাদেরও কারও পশ্চিমবঙ্গে জায়গা হবে না। এতগুলি পরিবারকে, এতগুলি লোককে আমরা সেখানে পাঠাচ্ছি অথচ যে দুট্টিভঙ্গি নিয়ে মানুষের পুনর্বাসনের কথা বলা হচ্ছে সেরকম ব্যবস্থা ড' কিছুই করা হচ্ছে না। প্রথম এটা যথন কাগজে দেখি, তারপরে যথন অ্যাসেমবির এই প্রস্তাব দেখলাম, অর্ণম দ্বীখালাকে গিয়ে বলল্মম—এ প্রস্তাব এইভাবে না এনে অ্যাসেমবি বৃষ্ধ হ'লে একটা সন্মেলন ডেকে সমুহত তথ্য নিয়ে সে যদি রাখেন তা হ'লে আমাদের স্ক্রিধা হয়। পার্টিগতভাবে এবং ব্যক্তিগতভাবে জিনিস্টা আলোচনা করব এবং বিবেচনা করব যে স্বাই মিলে কিছু একটা করা যায় কিনা।

[4-20-4-30 p.m.]

এইসবের পর সেটা একেবারে বর্জনীয়, নাকি খানিকটা গ্রহণযোগ্য, নাকি খানিকটা বর্জনীয় সেটা আমরা বিবেচনা করতে পারি। কিন্তু আমরা দেখলাম যে, সেসব কিছ্ই হ'ল না। অখচ আপনারা এইরকম একটা প্রস্তাব আনলেন। এখন এ থেকে আমি আবার বলছি যে, স্থামার মনে হচ্ছে যে, সম্পূর্ণ দায়িত্বটা আপনারা এখনও বোঝেন নি। সেজনা বলছি যে,

যখন আপনারা এই প্রস্তাব এনেছেন তখন এই প্রস্তাবকে যে গরেছে দিয়ে দেখা দরকার তা আপনারা দিচ্ছেন না। সেজন্য আমি বলব যে, যদি আমাকে জিল্পাসা করেন যে, নীতিগতভাবে আপনি কি এটা চান না যে. একজন রিফিউজিও বাংলাদেশের বাহিরে যাবে না? আমি স্পষ্ট বলছি এবং আগেও বলেছি যে. নীতিগতভাবে আমি এই কথা বলব না যে, কোনদিন কোন কারণে এবং কোথায় কোন বাংগালী বাহিরে যাবে না। এইরকম কোন নীতিতে আমি বিশ্বাস করি না। তাদের বাহিরে যেতে হ'তে পারে যদি তাদের জন্য খ'রুজে আপনারা ভাল বসতি বার করতে পারেন। যাই হোক নীতিগতভাবে আমি সেসব বাধার মধ্যে যাচ্ছি না। যেমন তারা আন্দামানে গেছে বা অন্য কোথায় গেছে ব'লে আমি নীতিগতভাবে কখনও বাধা দিই নি বা কথনও সেইভাবে বাধা দিচ্ছি না। কিন্ত মুশকিল হচ্ছে এই যে, আমাদের কতকগুলো অভিজ্ঞতা থেকে বলছি যে তাদের বাহিরে যাওয়া না যাওয়া আলোচনা আমাদের করা দরকার এবং সেটা আমি আপনাদের স্বাইকে ভেবে দেখতে বলব। কিল্ডু সেইস্ব না ক'রৈ আপনারা ছোট ছোট দকীম ক'রে উডিষ্যার চরবেতিয়ায়, বিহারে, সৌরাণ্ট্রে গিয়েছেন এবং হায়দ্রাবাদে কিছু কিছু লোক পাঠিয়ে দিলেন। কিন্তু আমরা তার বিরে:ধী ছিলাম এইজন্য যে, আমরা জানি যে সেখানে কোনরকম ব্যবস্থা না ক'রেই আপনারা তাদের নিয়ে যাচ্ছেন। এর ফলে অনেক জায়গা থেকে ডিজারশন হয়েছে এবং অনেক জায়গা থেকে তারা চলে আসতে বাধা হয়েছে। আজকে চড়বেতিয়ার কিছা বন্ধা আমার কাছে এসেছিলেন এবং তাঁরা দা বছর ধ'রে ওখানে পড়ে আছেন কিন্ত আজও অবধি তাদের জনা কোন ব্যবস্থাই সেখানে হয় নি। আমরা स्मितारपेत घरेनाव कथा जे व উল্লেখ कराउ हाई ना। এই হাউসেই সে कथा উঠেছিল যে. সেখানে যাদের আপনারা নিয়ে গেলেন তাদের এমনভাবে সেখানে রাখলেন যে, তাদের প্রতি দুরোবিহার হ'ল। সেই সময় আমরা এবং আপনারাও বর্লোছলেন যে, আন্থ্যাটাচ্ড মেয়েদের এভাবে নিয়ে যাওয়া উচিত হয় নি। সেজন্য আমরা আমাদের অভি**স্ত**তা থেকে বলছি যে, এইভাবে কোন কিছুই করা ঠিক নয় আর একটা বলছি যে. এই হিউম্যান বিইংএর সমস্যা-গুলোও আপনারা ধরছেন না। অর্থাৎ তাদেব ভাষা কি হবে, ভবিষাতে তাদের ছেলেপিলেদের কিভাবে কোন ভাষায় শিক্ষা দেওয়া হবে, কোনা স্টেটের সিটিজেন হবে ইত্যাদি সম্বন্ধে কোন কথাই আপনারা এই প্রণতাবের মধ্যে বলেন নি। আমি কেন এটা বলছি সেটা একবার ভেবে দেখারেন। তবে এটা ঠিক আমি অন প্রিন্সিপল রিফিউজিদের বাহিরে পঠাবেন না এই কথা বলি না। কিন্ত মাশ্কিল হচ্ছে কি যে আবার অভিজ্ঞতার কথা আসে। ধর্ন অনেক বাঙ্গালী আসামে গিয়ে বসতি করেছেন। কিন্তু সেখানে আমরা দেখেছি এবং আপনারাও জানেন যে, ভাষার প্রশন আসে। অর্থাৎ কোন ভাষায় স্কলে তাদের শিক্ষা দেওয়া হবে, কলেজ কি হবে ইত্যাদি নিয়ে বাজ্পালী-আসামী নিয়ে নানারকম গোলমাল লেগেই আছে। এ ছাড়া আবার ট্রাইবিউনালও ওখানে অনেক আছে। তাদের নিয়ে নানারকম গোলমাল আছে। সেজনা বলছি যে, এগুলি যদি পরিংকার না হয় তা হ'লে অনর্থক একটা গ'ডগোলের স্কুণ্টি হয়। সেই কারণেই বলছি যে, ভবিষাতটা একটা ভাবতে হবে, কারণ এগালিকে আমরা এথনও ঠেকাতে পারি না। অবশ্য এজনা সব দোষ আমি আপনাদের দেব না। কিন্তু যে-কোন কারণেই হোক কংগ্রেস সমস্ত জায়গায় রাজ্য করছে তবুও এ জিনিস্টা তাঁরা এখনও দ্র করতে পাবেন নি। কোথাও বংগাল থেদা আন্দোলন কোথাও বলছেন ডোমিসাইল্ড সার্টিফিকেট ছাড়া বাঙ্গালীদের চাকরি দেব না ইত্যাদি সব হচ্ছে। এইসব কথা আমরা বলি না, কারণ বললে হয়ত প্রাদেশিকতার প্রশন এসে যাবে। কিন্তু এইসব ফ্যাক্ট। যেমন বিহারে কোন বাজ্যালী চাকরি করতে গেলে তাকে বলছে যে, ডোমিসাইল্ড সার্টিফিকেট দেখাও। সে কোথা থেকে তা দেখাবে। এখন আপনারা যখন রিফিউজিদের বাহিরে পাঠাচ্ছেন তথন কি এগ্লোকে আপনারা ভাল করে ভেবে দেখে পাঠিয়েছেন? আমার মনে হয় না, আপনারা তা করেছেন। আমাব মনে আছে ইলেকশনের সময় আমি যখন টাটানগরে গিয়েছিলাম তখন আমি এইসব কথা শ্নেছি। জামসেদপ্রে আমি দেখেছিলাম যে রিফিউজিদের আপনারা অনেকদিন আগে সেখানে নিয়ে গেছেন, তাদের বাড়ির জন্য কিছ্ লোন দেওয়া হয়েছে তার মধ্যে কোন বাড়ি অধেক হয়েছে বা হয় নি। কিন্তু তারা আমাকে বললেন যে, দেখন আমরা এখানে এসেছি জমি তো আর নিয়ে আসি নি যে বাড়ি করব : অথচ তারা লোন ইত্যাদি সব দিচ্ছে। কিন্তু তাদের সবথেকে মুশ্রকিল হচ্ছে যেটা, সেটা আমাকে তাঁরা বললেন যে, দেখুন আমাদের ঘরের

ममाठो एकटलत्र এकठो एकटलत्र ठाँठोत अकिं कातथानाटान्छ ठाकति भारक ना। साथाता मृथः ठाँठोहे নয়. অনেক ছোট ছোট সাবিসিডিয়ারি কারখানায় তারা চাকরি পাচ্ছে না। সেজন্য তারা সেখানে চিনেবাদাম বিক্রি করছে বা মাচির দোকানে কাজ করে আছে। অথচ সেই টাটা কোম্পানিকে ভারত সরকার বিনা সাদে এক কোটি টাকা ধার দিয়েছেন। সেখানে কি তাঁরা প্রভিসন করতে পারতেন না যে, এদের দশটা ছেলেকে, নিম্ন মধ্যবিত্ত ঘরের ছেলে ট্রেন্ড করে তোমরা তাদের চাকরিবাকরি দাও? কিন্তু এগালি যে-কোন কারণেই হোক হয় নি। সেই কারণেই তাদের মনে একটা সন্দেহ হয়েছে যে, ওখানে তাদের কোন উপায় নেই। এসবের জন্য বাংলাদেশে আবার ফিরে আসবে কিনা যখন আমাকে জিগাগেস করল তখন আমি তাদের বললাম যে, খবরদার যাবেন না, সেখানে গিয়ে স্টেশনে পড়ে থাকতে হবে, কেউ দেখবে না এবং তখন আমরাও কিছু করতে পারব না. সরকারও কিছু, করতে পারবেন না। এই হচ্ছে প্রকৃত অবস্থা এবং এ সুদ্রন্ধ বিভিন্ন জায়ুঁগার অনেক উদাহরণও অনেকে দিতে পারেন। আমাদের মুখামুলী পর্যুক্ত বাজেট বক্ততা দিতে গিয়ে এই কথা তিনি বলেন এবং আগেও বলেছেন যে, অমাদের এখানে সেখানে ডেভলপমেন্ট হচ্ছে, সেথানে যদি কারখানা ক'রে দশ হাজার লোকের চার্কারর সংস্থান করি তা হ'লে তার মানে এটা হবে না যে, সেথানে সমস্ত বাঙ্গালীই চার্কার পাবে, বাহিরের লেকও এসে সেখানে চার্কার পাবে। অর্থাৎ তার মানে হচ্ছে বাংলাদেশের টাকা বাহিরে চলে যাবে এবং যাতে সমুহত দিক থেকে সামগ্রিকভাবে বংলাদেশ লাভবান হবে না। কিন্তু আপুনারা ধুখন বাঙ্গালীদের বাহিরে পাঠাচ্ছেন তাদের এইসমুহত অস্ক্রিধার কথা চিন্তা না করেই পাঠাচ্ছেন। অর্থাৎ তাদের চাকরিবাকরি, বাড়ি, সোস্যাল এনভায়রনমেন্ট কিছুই চিন্তা করলেন না এবং वनात्मन । त्य त्मभात कि रत। श्रीविक्य भिः नारात मराग्य वत्नाहन त्य स्मर्थात আমাদের বাংলাভাষা, কৃণ্টি ইআদির প্রচার হবে। এইসব শ্বনতে বেশ সুন্দর লাগে, কিন্তু মুশ্রিক হচ্ছে যে, সেটা আপনি কি ক'রে জানলেন? কারণ সেখানে ৩টি সেটট এবং সেই ৩টি স্টেটের মধ্যে এদের আলাদা আলাদা ক'রে আপনারা ঢোকাবেন। আমরা এমন কে'ন কথা শনেলাম না যে. সেখানে একটা জায়গায় ঘন বসতি করে আপনারা ১০-১২ লাখ লোককে রাথবেন বা তাদের ভবিষ্যৎ কি হবে তাও আমরা জানলাম না। কোন দিক থেকেই আমরা কিছাই ব্রুক্তে পার্রাছ না। আমি কেবল অপনাদের চিন্তার জনা সমসাাগ্রলোকে তুলে ধর্বাছ। আপনারা বলছেন আপনারা এটাকে ওয়েলকাম করেন এবং বিফিউজিদের তাড়াতাড়ি করে পাঠিয়ে দাও। কিল্ত এই বিশেষ স্কীমটার ব্যাপারে আমি যতদার দেখেছি যে, এটা কাগজ আসামাত বাস্তুহারাদের মধ্যে একটা বেশি চাঞ্চলা স্থিত হয়েছে। খ্রীবিভয় সিং নাহার একটা ভাল কথা বলেছেন যে. এইরকম স্কীম করলে যারা সেখানে স্বেচ্ছায় যেতে চায় তাদের পঠাও. জোর ক'রে যেন কাউকে পাঠান না হয়। এটা তো ভাল কথা যে, কেউ যদি স্বেচ্ছায় কোণাও যেতে চান তাঁকে পাঠান। আমরা নিশ্চয় তাদের গিয়ে বলব না যে, আপনারা স্বেচ্ছায় যাবেন না. শধে, গভর্মেটের বিরুদেধ লাগান। অথচ উনি সেইরকম একটা কিছা বলবার চেষ্টা করেছেন যে, এইরকম লোক কিছু, আছে যারা নাকি বাহিরে যায় তাদের ফিরে আসার জন্য প্ররোচনা দেয়। যাই হোক এইসব ছোট কথার মধ্যে আমি যাব না। কিন্তু কথা হচ্ছে যে, ক্রেচ্ছায় যদি লোক যায় তা হ'লে সেটা তে আর স্কীম নয়। স্কীমের মধ্যে যা আছে তাতে আপনারা ঠিক ক'রে ফেলেছেন যে, বাংলাদেশে জায়গাজিম কিছু, নেই বলৈ যারা কান্দেপ আছে তাদের আপনারা সেটল করতে পারছেন না এবং সেই করণেই তাদের সবাইকে বাহিরে যেতে হবে। অর্থাৎ অনেকদিন ধরে যারা আছে তাদেরও যেতে হবে এবং ভবিষাতে যারা আসবে তাদেরও যেতে হবে।

এই প্রসংখ্য আমি একটা কথা এখানে দক্ষম সম্বন্ধে বলতে চাচ্ছি। এখানে একটা এবিয়াল সার্ভে হয়েছে। সেই এরিয়াল সার্ভেতে আমরা দেখলাম যে, সার্ভে অব ইন্ডিয়া ১৩,০০০ দেকায়ার মাইলএর সার্ভে করবার বাবস্থা করছেন এবং একবার তাঁরা এরোপেলনএ ক'রে ঘ্রেছেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: They have completed the survey and given the maps.

Sj. Jyoti Basu:

যাই হোক এ'দের সাভের রিপোটে দেখলাম যে এখানে অনেক থনিজ পদার্থ পাওয়া যাবে ় ব'লে এ'রা মনে করেন। এ সাভে ছাড়া আমরা দেখেছি যে, আরও ন:'টি দ্পট সাভেও হয়েছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: That is in Bankura.

8j. Jyotj Basu:

প্ল্যানিং কমিশন থেকে বোধ হয় এটার ব্যবস্থা করেছিলেন। ৮০ হাজার স্ক্রেয়ের মাইলএর কথা বলা হয়েছেল, কিন্তু এবা মাত্র ২টি জায়গায় সার্ভে করেছেন।

The Hon'ble Or. Bidhan Chandra Roy: About 33,000 sq. miles have been surveyed and the maps have been prepared.

8]. Jyoti Basu:

সেসব আমাদের কিছু জানা নেই, আপনি যখন বক্কৃতা দেবেন সেইসব বলবেন। আমরা কাগজে যা দেখেছি তা থেকে বলছি যে, সেখানে একটি জায়গা তাঁরা সার্ভে করে ঠিক করে ফেলেছেন যে, এখানে পাঠানো যাবে। এখন ওর বিরোধী যে কতকগুলো কথা আছে সেগুলো বোঝা দরকার। সেখানে এক ভদলোক গদাধর দত্ত, এম-এল-এ, উড়িয়া আ্যাসেমরি পার্টির সেক্রেটারি—বাস্তৃহারাদের বসাবার জন্য যে দুর্ভি জায়গা হচ্ছে তার সম্বন্ধে রেফারেম্স দিয়ে বলেছেন যে, ও কোটি টাকা খরচ করবার জন্য যে ব্যবস্থা এই জায়গায় হচ্ছে সেটা একেবারে নণ্ট হবে। কারণ এমন খারাপ জায়গা যে, সেখানে ঐভাবে কোনরকম বর্সাত হ'তে পারে না। ও'র এই চিঠি সংবাদপতে বেরিয়েছে তঃ আপনারাও জানেন। স্ত্রোং এটা আমার কথা নয়, এটা ঐ আ্যাসেমরি পার্টির যিনি সেক্রেটার সেই ভদ্রলোকের কথা।

[4-30-4-40 p.m.]

উনি সেকথা কেন বলেছেন, তাঁর নিজের কোন দ্বার্থ আছে কি না জানি না। আমি কিছুই জানি না ঐ এলাকা সম্বদ্ধে। এটা আমি ধর্তবার মধে। আনব এবং দেখাব যে এই বাাপারটা কি ?

দ্বতীয়ত, আমাদের পেউটসমাদেও ২৭এ তারিখে যে চিঠি বেরিয়েছে সেটা দেখছি, জে এন সেনগুংত, উনি ২৫এ তারিখে লিখেছেন দণ্ডকারণা সম্বদেধ। ইনি বলেছেন ''The cultivable fettile valleys in between are much too few to be of great use. With an average rainfall of 30 to 50 inches a year, there is acute water scarcity during most of the year and because of lack of communications, reclamation of this tract for the purpose in view is bound

acute water scarcity during most of the year and because of lack of communications, reclamation of this tract for the purpose in view is bound to entail enormous expenditure of money for many years. The above adverse topographical factors account for the present density of population. A drive from Jagdalpur (Bastar State) to Vizianagram via Koraput by the only motorable road is all that is necessary to bring the positron home to any one. The physical and economic poverty of the countryside impressed the writer during a sojourn in the area early in 1954 when as a Consultant of F.A.O. he had opportunities for making a regional study of the problem of shifting cultivation in India." (ride article in the "Statesman").

উনি একটা আর্টিকেল লিখেছিলেন এ সাবাধে স্টেসমানেও ১৯৫৪ সালে, তাতে তিনি বলেছেন "If I may venture a suggestion it is that the restoration of forests on the hills and soil conservation by an intensive drive against felling, burning, grazing, lopping, etc., supplemented by reafforestation should precede any large-cale work of refugee rehabilitation on the erection of dams or hydroelectric plant, otherwise it would be like putting the cart before the horse and result in a huge waste of money."

এই ভদ্রলোক এই কথা বলেছেন, এখানে ইনি খানিকটা এক্সপার্ট ওপিনিয়ন দিয়েছেন, অবশ্য সমুহত জায়গ্যটো সার্ভে করেন নি, সেটা দেখা আপুনাদের প্রয়োজন আছে। আমি এই অবস্থা

সম্বন্ধে বলতে গিয়ে আমার যে বন্ধব্য সেটা বলছি, এই প্রস্তাব নিয়ে কি করা উচিত। এটা উঠিয়ে নেওয়া উচিত এবং উঠিয়ে নিয়ে যাওয়ার পর আমাদের সকলকে ডাকা উচিত—ভারতের কি ম্যাপ-টেপ আছে, কত বছরে কত টাকা, কি খরচ হবে, এগুলি সব আমাদের কাছে আনুন : আমরা সবাই মিলে আলোচনা করি, তারপর একটা সমীক্ষার জন্য প্রামর্শ করে, সিম্পাতে আমরা আসতে পারি। কিল্ত আমি জিল্ঞাসা করছি, আগে করেছি, আবার করছি—এটা যে আপনি হঠাং ঠিক ক'রে ফেললেন যে, বাংলাদেশে একজনও রিফিউজির প্থান নেই, এটা আমরা মানতে পারছি না। কারণ, আপনারা যেসমুহত ল্যান্ড রিক্রামেশন অর্থাৎ অনারাদী জমি পড়ে আছে, যে ওয়াটারলগড জমি পড়ে আছে, সেগ্রেলিও উন্ধার করতে পারেন কিনা? এমন কি বে অব বেণ্গল সমূদ্র থেকে জাম উন্ধার করা যায় কিনা? যেমন করে শুনেছি, নেদারল্যান্ডস্ত যা কিছু জমি, তার শতকরা ৬০ ভাগের উন্ধার করা হয়েছে সমন্ত্রের বৃক্ত থেকে: যদিও তাতে অনেক টাকা লাগে সন্দেহ নাই, কিন্তু সেগালি করা যায়। এইভাবে, এইরকমভাবে এগালি আপনারা কিছাই চিন্তা করলেন না জমির ব্যাপারে। হঠাৎ সিম্পান্ত করলেন আর এখানে কোন জমি নেই, এখানে আর কিছ, হয় না। ঠিক সেইরকমভাবে, কুটিরশিল্প ব্যাপারেও যেখানে হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষকে, তাদের জীবিকা উপার্জনের জন্য ব্যবস্থা করা যায় সেই বাবস্থাও আপনারা আজ দশ বছরের মধ্যে করেন নি: এবং এখনও কোন পরিকল্পনা দেখছি না। তাদের প্রেরজীবিত করবার জন্য ছোট ছোট শিল্পের দ্বারাই হোক, তা আপনারা **কিছ.ই** করছেন না। আমাদের এখানে বারবার এই কথাই মনে পডছে, আপনারা ধরে নিলেন ইন দি ইয়ার নাইনটিন ফিফটি সেভেন. আর রিফিউজিদের এথানে থাকবার প্থান নেই, তা হ'লে আমি ভাবি, শ্রীপ্রফল্লেচন্দ্র সেন মহাশয়ের ফার্মোল প্লানিং ফেল করে, থানিকটা আরও যদি প্রপ্রেশন এইভাবে বাডতে থাকে, তা হ'লে আপুনি দুশ বছর পরে কি করবেন : দুশ বছর পরে, যে রেটএ লোকসংখ্যা বাডছে, সেইভাবে যদি ৫০ লক্ষ বেডে যায়, তা হ'লে তাদের কোথায় পাঠাবেন? বে অব বেশ্গলএ ফেলে দেবেন? আর যদি শ্রীপ্রফল্লেচন্দ্র সেন মহাশয়ের ফ্যামিলি প্ল্যানিং সাক্ষ্যেসফলে হয়, তা হ'লে কমতে পারে, পপ্লেশন বাড্রে না এবং তা হ'লে আমাদের লিভিং দেপস থাকবে : নতুবা এর ওর জমি দখল করবার প্রশ্ন উঠবে। আমাদের বংলাদেশ প্রথমত এ সম্বদ্ধে এত পিছিয়ে আছে যে, বলবার নয়। হঠাৎ শ্নেলাম বলা হ'ল যে, এখানে আমর। স্যাচরেশন পয়েন্ট্র রিচ ক'রে গিয়েছি। স্যাচরেশন পয়েন্ট্রর অর্থ জানেন रंग व'ला रंगलालन?

(Laughter.)

আমরা ইকর্নামক প্রবেমএ স্যাচরেশন পয়েন্টএ এত তাডাতাডি কি করে রিচ করব? আমানের কটিরশিলপ হ'ল না, জমি উম্পার আপনারা কিছাই করলেন না : যদিও বললেন যে, এত পারসেন্ট হেমবাবরে ফরেন্ট করতে হবে। আমরা যেসমন্ত ক্ষেত্রে ব্যাকওয়ার্ড আছি ইন্ডান্ট্রি প্রভৃতি সমস্ত কিছু সার্ভে ক'রে যদি একটা সার্যেন্টিফিক স্ল্যানিংএর উপর সিন্ধান্ত করতেন তা হ'লে মেনে নিতে পারতাম। কিন্তু আপনারা তা করেন নি। আপনাদের যদি সিনসিয়ারিটি **থাক**ত তা হ'লে আপনারা সেইভাবে কমিটি ক'রে সায়েন্টিস্টদের নিয়ে সার্ভেএর ব্যবস্থা করতেন। আপনারা এটা বিবেচনা করতে পারেন নি। ভারত স্বকারের সংগ্য এক হয়ে যদি কোন প্রদেশের লোককে, সেই প্রদেশেই বসতি করান যায়, তার চেয়ে বড আরু কিছু নেই। যতই বলি ভারত এক এবং অভিন্ন, তব্তুও যে যার প্রদেশের মানুষ, সে তার নিজের প্রদেশেই থাকতে চায়। এটা অবশা কঠিন কিন্তু যতটা পারেন, তা যদি করতেন তা হ'লে রিফিউজিরা ব্রুত একটা আটেম্পট্ আপনারা করেছেন। কিন্তু আপনারা সে আটেম্পট্ও করেন নি। আপনারা দশ বছরে যে ডেভলপমেন্ট করবেন দটো ফাইভ-ইয়ার স্ল্যানএ সেখনে আপনি যদি মনে করতেন যে, বাংলাদেশে বিশেষ বিশেষ সমস্যা সমাধানের কাজ, যেটা ১০ বছরের জ্ঞানত, তা যদি ৫ বছরে করতে পারি, তা হ'লে অনেক বেশি লোকের প্রক্রিসন করতে পারছি: তা হ'লে সেটা আপনি করতেন। অর্থাৎ বেশি টাকা খরচ ক'রে দশ বংসরে যা করতেন, সেই টাকা খরচ ক'রে যদি পাঁচ বছরের একটা স্পরিকল্পনা নিতেন, জমির ব্যাপারে, কটির শিল্পের ব্যাপারে ও অন্যান্য শিল্পের ব্যাপারে, এইসব যদি করতেন তা হ'লে লক্ষ লক্ষ লোকের সংস্থান এই পশ্চিম বাংলায় আপনি করতে পারতেন। কিল্ড সেগ্রলি আপনি বিন্দুমান্তও করলেন না।

আপনার সমসত জিনিস স্প্যানলেস, হ্যাপাজার্ড। এই ধর্ন, যে জাম কিছু কিছু নেওরা হয়েছে বাংলাদেশের বিভিন্ন স্থানে, সেগ্লি দেখেশ্নে ঠিকমত স্প্যান অনুযায়ী নেওরা হয় নি। ফলে সেখানে গোলমাল লেগেই আছে। কার জাম নেবেন, কি ধরনের জাম নেবেন, কৃষকদের ধানী জামও নিয়ে নিয়েছেন, মে সম্বন্ধে কোন দেখাশ্নার কথা নেই। পূর্ব বাণগালার লোকের সংগে পশ্চিম বাণগালার লোকের গোলমাল লেগে যাচ্ছে—এগ্লি বাঞ্চনীয় নর। সাধারণ লোক্র যারা গ্রামে বাস করে তাদের কাছে গেলেন না, কোনদিন আমাদের পরামর্শ ও সহায়তা নিলেন না; কেবল রাইটার্স বিল্ডিংসএ বসে ম্যাপএ দাগ নম্বর ইত্যাদি দেখে সব জাম নিয়ে নিলেন। যে জামতে জল ছিল সেই জাম উম্ধার হ'ল, সেই জাম নিলেন, কিম্তু কার জাম খেজ নিলেন না। পশ্চিম বাংলার কৃষকের জাম খাদ এইভাবে কেড়ে নিয়ে, তাকে ফেরং না দেন, তা হ'লে দেশের অবস্থা এইরক্মই হবে।

বাস্ত্হারা থেকে আরম্ভ করে প্রতিটি ব্যাপারে এইরকম জিনিস চলেছে। সেইজন্য আমার কথা হচ্ছে, এই জিনিসগৃলির জন্য অলটারনেটিভ শ্ল্যানএ বাংলাদেশে কতগৃলি লোককে বসাতে পারি এই লক্ষ্য এই ডিটারমিনেশন নিয়ে আপনার এগৃতে হবে। এই যদি করতেন তা হ'লে যে কথাগ্লি আমি বললাম শিলপ সম্বন্ধে এবং জমি সম্বন্ধে ও কুটিরমিনেশ সম্বন্ধে, পিতিত জমিকে উম্ধার কর: সম্বন্ধে, এগৃলি আপনি ব্যবস্থা করতে পারতেন। আমি ১৯৫০-৫১ সালের একটা বিপোর্টে দেখলাম করেন্ট ফ্যালো জমি বাদ দিয়ে ১৮ লক্ষ্ক ২৯ হাজার একর আনকাল্টিভেটেড লাভেড বাংলাদেশে আছে।

উনি মাথা নাড্ছেন-না, না ব'লে। তা হ'লে আপনি লেখেন কেন? এটা কি আমরা তৈরি করেছি? এটা আপনাপ ১৯৫০-৫১ সালের বিপোর্ট এখানে বলা হচ্ছে আনকালিটভেটেড লান্ডে এক্ছর্ডিং কাবেন ফালো ১৮ লক্ষ ২৯ হ জার একর। এই যদি থাকে, তা হ'লে আমি বলছি না, কেবল ঐ সবটা নিয়ে বিফিউজিদের বসিয়ে দিন। এই জমির যতথানি উন্ধাব করতে পারেন, তার মধ্যে তিন লক্ষ লোককে বসাতে পারেন স্বাভাবিকভাবে। আমি বলব না সমসত বিফিউজিদের সেখানে বসান। তবে এক লক্ষ, দ্'লক্ষ বিফিউজিদের সেখানে অনায়াসে বাবেণ্ডা করতে পারেন। কিন্তু, এইবকম ফিগাব রয়ে গেল, অথচ মাথা নাড়ছেন ডাঃ বিধানচন্দ্র রয়ে। ব্রিটিশ অন্যলে, মুশলিম লীগ আমলে যে হিসাব ছিল তা প্রেন হয়ে গিয়েছে। তারপর সেন্সাস বিপোর্টে যা একটা কিছু আছে তার উপরও ত' আপনি বাবন্থা করলেন না। আমরা মানতে রাজী নই যে, বাংলাদেশেশ আর একজনও বিফিউজিকে রাথবার মত জারগা নেই। বিফিউজিনের মনোভাবও তাই, ভারা বলে বংলাদেশের বাইরে আমরা কেউ যাব না।

[4-40-4-50 p.m.]

বাংলাদেশে আর একজন রিফিউজিও রাখা যাবে না, এটা একটা একুদ্রিম কথা। আমরা এটা মানতে পাবি না। বিফিউজিদেব মনোভাব আপনারা আগে ব্রুতে চেষ্টা করন। বাইরে গিয়ে তাদেব অনেকেরই অভিজ্ঞান থবে থারাপ হয়েছে। যদি প্রকৃতই বাইরে যেতে হয় তা হ'লে যেতেই হবে, কিন্ত তার আগে স্মাটিসফায়েড হওয়া দরকার যে, বাংলাদেশে আর সত্যিই সম্ভাবনা নাই। আমি যতদূর বুঝি, যতদূব দ্টাডি করেছি, আমি এটা মানতে পারি না। আমার বেশি কিছু বলার নাই। আমি এটুকু শুধু বলবু লন্ডএনএর একজন সুপারআনুয়েটেড অফিসারকে দুর্গাপুরে আনলেন, তিনি আসানসোলের অনেক খনিজ পদার্থ সন্ধান পেলেন, বললেন, সেখানে বহুলোকের কাজের সম্ভাবনা আছে এবং ডাঃ রায় বলেছিলেন এই এলেকাটা রুট অব ওয়েস্ট বেষ্ণাল হ'তে পারে, কিন্ত এসব জায়গা আপনি ডেভেলপ করলেন না। নানারকম কর্মাণ্ল-কেশনএর মধ্যে না গিয়ে আমি বলতে চাই এইসব জায়গায় কিছু না করে, এখানকার সোস্যাল এনভাষরনমেন্টও ভাল, তবে জ্পালের মধ্যে কেন গেলেন? সরকারের থেকেই জানতে পেরেছি ৮০ হাজার বর্গমাইলের মধ্যে ৪০ হাজার জঞাল বাখতে হবে, আর ৪০ হাজারে আদিবাসীও রাখনে হবে। এতই যদি ভাল জায়গা হয়, তা হ'লে অন্থের লোক, বিহারের লোক কলকাতার দিকে ছাটত না <u>, কলকাতা থেকেও গিয়ে সেখানে বসবাস করত।</u> সেখানে খেতে পায় না ব'লেই দলে দলে লোক কলকাতা ও ইন্ড:পিট্রয়াল বেল্টএর দিকে ছুটে আসে। দশ বংসরের মধ্যে এর উপ্লতি করতে পারলেন না। সেজন্য আপাতত এই প্রস্তাব মানতে পারি না।

Sj. Pramatha Ranjan Thakur:

মাননীয় স্পীকার মহাশয়, দ'ডকারণ্য সম্বন্ধে যে প্রস্তাব উত্থাপিত হয়েছে আমি তা সর্বাস্তঃকরণে সমর্থন করি। আজ আমি প্রথমেই ব'লে রাখি যেসব লোকদের সেখানে পাঠান হবে তারা রিফিউজি। আমি একজন রিফিউজি, পূর্বে থেকে পশ্চিমবংশা সর্বসম্পত্তি হারিয়ে এসেছি। আমি এখন চেণ্টা করছি কি প্রকারে এখানে বাস করা যায়। আজ এই দশ বংসরের অভিজ্ঞতায় একথা বেশ পরিষ্কার ব্রুতে পারা যাচ্চে পশ্চিমবংগ স্থানসংকুলন হচ্ছে না। অনেক রিফিউজিকে আমি নিজে জায়গা দিয়েছি, অনেক চেন্টা করেছি, কিন্তু দৈখেছি বাস্তবিক তারা জায়গা পাচ্ছেন না। আজ যে জায়গার কথা আলোচনা হচ্ছে সেই দন্দকারণাে ৮০ হাজার বর্গমাইল বিস্তৃত জায়গা আছে. অর্থাৎ পশ্চিমবণ্গের তিনগুণে স্থান সেখানে হবে। একবার एटर प्रथान दुर्गाच, अथारन योग वाक्शामी करमानि गए छेटरे छ। इ.स. कि वालाव इरव। आक পশ্চিম বাংলায় উন্দাসত সমস্যার ব্যাপারে একটা ভীষণ অবন্থা উপস্থিত হয়েছে। আজ अथात्नु लाक मरकुलान राष्ट्र ना. वारेरत यौता यात्ष्ट्रन जौता । प्रभारन थाकरू भातरहन ना. মারা যাচ্ছেন, খেতে পারছেন না। আমি সরকারকে দোষ দিচ্ছি না, তাঁরা অনেক চেণ্টা করেছেন। একটা কথা এখানে বাঝা দরকার আছে। সরকার চেন্টা করলে কি হবে, এত লোকের ধারগা হতে পারে না ; যে কথাটার প্রতি আমি বিশেষভাবে জোর দিচ্ছি সেটা হচ্ছে, এই বিরাট জন-সংখ্যার সুষ্ঠা অর্থনৈতিক পুনর্বাসন শৃধ্ পশ্চিমবঞ্গে সম্ভব হ'তে পারে না। এজনাই আজ বিশেষ ক'রে প্রেবিশেষর বাস্তৃত্যাগীদের ভারতের বিভিন্ন প্রদেশে ছড়িয়ে দেবার প্রয়োজনীয়তা রয়েছে। আজ যারা এখানে আছেন তাঁরাও স্ববিধাজনকভাবে বাস কয়তে পারছেন না। আজ যদি ভারত গভনমেন্ট আন্তরিকভাবে চেন্টা করেন তা হ'লে দন্ডকারণা সম্পূর্ণভাবে বাংগালী অধ্যাষিত প্রদেশে পরিণত হ'তে পারে। তাই আজ এই প্রস্তাব আমাদের সর্বাস্তঃকরণে অন্ত মোদন করা প্রয়োজন। আজ বিরোধীদলের নেতা অনেক কথাই বলেছেন। তাঁর অভিমত হচ্ছে পশ্চিম বাংলায়ই যাতে ভায়গা হয় সেই চেণ্টা করাই উচিত এবং বাস্তহারাদের বাইরে পাঠান উচিত নয় নানা কথাই তিনি বলেছেন। এই প্রস্ঞো আমি বলব উদ্বাহত প্রের্বাসন সমস্যাটা তারা কোনদিন ভাল ক'রে ব্রেবার চেণ্টা করেন নি। সম্প্রতি নির্বাচনের আগে তারা উদ্বাস্তদের ভিতর গিয়ে তাদের খনেক আশাভ্রসাব কথা ব'লে ক্ষেপিয়ে তলেছেন। আমার কাছে অনেকেই এই কথা বলেছে। আমি ভাঁদের বলি তাদের ফেপিয়ে হয়তে: আপনাদের কার্যাসিদ্ধি হতে পারে, কিন্তু তাদের প্রকৃত স্বাগল ওতে হবে না। বুদ্ধিমানের মত অনেক মুখবোচক আপাত্মধার কথাই ভ'বা এলেছেন কিন্তু আমি জিজ্ঞাসা করি, কি করেছেন ও'রা এদের প্রাবাস্থিত জনা। এখন দণ্ডকারণে। পাঠাবার প্রস্তাব হচ্ছে। আঘারা চেন্টা কারে দেখব সেখানে কিছু হ'তে পারে কিনা। বংলাদেশে যদি বাসোপযোগী উদ্বন্ত জমি থাকে তবে নিশ্চয়ই সেখানেই প্রথমে চেণ্টা করা উচিত, যদিও এর একট অন্তরায়ের কথা আমি পূর্বে উল্লেখ[্]করেছি: অর্থাৎ অর্থনৈতিক পনের্বাসন চাই। পূর্বে পাকিস্তান থেকে এখনও ৮০ লক্ষ লোক আসবার জন। উদ্মুখ হয়ে আছে। তারা কোথায় যাবে, আরও দেখুন, তাদের ছেলে-পিলেরা কোথায় যাবে? যে হারে নাকি আমাদের পত্রেকনার সংখ্যা বাডছে! (সভায় হাস্য-ধর্নি)। এট কিন্ত প্রকৃতই হাসবার কথা নয় গভরিভাবে চিন্তার বিষয়। যাই হোক আজ আমরা দেখছি, পশ্চিম বাংলায় যে স্থান আছে তাতে বাস্ত্বিক স্থান সংক্লান করা যায় না। দণ্ডকারণোর কথা তাই উঠেছে। আমি এই প্রস্ত'বকে স্বাগত জানিয়েছি, কিন্তু স্থানটা কিরকম সেটা পার্বাহে দেখা দরকার। তিনটি প্রদেশের মধ্যে দণ্ডকারণা পড়েছে উডিয়া। মধাপ্রদেশ, অন্তপ্রদেশ। এখানে আমার স্কাচিন্তিত বস্তবা হচ্ছে, এই বিস্তৃত এলেকা কেন্দ্রীয় সরকার কর্তৃক পরিচালিত হওয়া কর্ত্বা, শুধু, কর্ত্বা নয়, করতে হবে। আজ বাঙ্গালী প্থিবীর কোথায় নাই? বাংগালীর কুণ্টি ও সভাতার ছোয়া প্থিবীর দূরতম প্রদেশকেও ম্পর্শ করেছে। তাই আমি বিশেষ করে বলব দণ্ডকারণো উদ্বাহত পনের্বসতির সংখ্য সংখ্য সেখানে যাতে বাংগালীর কৃষ্টি ও সভাতার পূর্ণ বিকাশসাধন হ'তে পাবে তসেই পরিবেশ সুষ্টি করা প্রয়োজন। এই যে আজকে তারা এদিকে ওদিকে বিচ্ছিন্ন হয়ে পড়ে আছে এটার প্রতিরোধ করে তাদের এক জায়গায় বসিকে তাদের মধ্যে ঐকারোধ জাগিয়ে তলতে হবে এবং পশ্চিমবংগার সংখ্যা সম্পূর্ক রেখে তারা যাতে বেডে উঠতে পারে এবং পাহিবীর মধ্যে আবার স্থান ফিরে পেতে পাবে সেদিকে আমাদের দুণ্টি নিবন্ধ করতে হবে। তাই আজ্ঞ দণ্ডকাবণাের

নাম শ্লে ভর খেলে চলবে না। ১৯২৭ সালে আমি ইউরোপে দ্রমণে ছিলাম। তখন আমার সংশ্যে একদল আমেরিকান টার্রিস্টএর দেখা হয়েছিল। তারা আমাকে বলেছিলেন, আমাদের প্রপ্রাকৃত কণ্ট ক'রে জঞাল কেটে আমেরিকায় বসতি স্থাপন করেছিল। আমরা আজাদেখি সেই জঞালাকীর্ণ আমেরিকা ইংলন্ডের থেকেও স্কুর হয়েছে। দশ্ডকারণেও বাংলাদেশ থেকে ভাল হ'তে পারে। এখন আমরা স্বাধীন দেশের লোক, অনেক জিনিস আমরা করতে পারি। দশ্জুকারণ্যেও আমরা একটা নতুন বাংলাদেশ করতে পারি এবং সেটা বাংলাদেশের চাইতেও ভাল জায়গায় পরিণত হতে পারে।

4-50-5-15 p.m.]

আজ তাই দরকার হয়ে পড়েছে আমাদের এই দণ্ডকারণ্যে যাতে সেখানে বাংশালীর একটা পরিবেশ স্থিট ক'রে প্নব্যাসন করা যায়। কাজেই সেদিকে আমাদের সর্বতোভাবে চেণ্টা করা শরকার।

স্যার, আর একটি কথা আমি উদ্বাস্তু সমস্যা সম্পর্কে বলতে চাই। যদিও একথা বলতে গিয়ে আমি একটা ক্লিটিক্যাল হব, তব্তুও একথা না ব'লে আমি পার্রাছ না।

[Interruptions from question benches.]

Mr. Speaker: Order, order. Throughout the debate I expect that the same courtesy as was shown to your Leader will be shown to the members of the other side, and there will be no comment of any description. This is a very, very important matter which is being debated.

Sj. Pramatha Ranjan Thakur:

এযাবং আমাদের সরকার প্রবাসন সম্পর্কে মনে করতেন যে এটা একটা সোস্যাল ওয়ার্ক, সেজনা আমরা দেখতে পাচ্ছি যে, সেন্টার থেকে কৃষ্ণমাচারী নাকি বলেছেন যে, আমরা 86 crores of Rupees

ব্যয় করেছি, কিন্তু আমরা বাস্তবিক একজন লোককেও এখানে প্রনর্বাসন দিতে পারি নি। এটা অতি দুঃখের কথা। আজ সেন্সাস বা দ্ট্যাটিসটিক্স নিয়েও আমরা ব্রুথতে পারি না যে. কতগলো রিফিউজি পূর্ব বাংলা থেকে পশ্চিম বাংলায় এসেছে। আমাদের প্রধানমন্ত্রী বলেছেন যে, আমরা পার্সোন্যালি ১৯ লক্ষ লোককে বসাতে পেরেছি। এটা কতটা সতিয় কথা আমি তা জানি না। কিন্তু আমরা যারা এসেছি আমরাও এখানে বসেছি, তবে সম্প্রণভাবে যে আমরা এখানে বসতে পারি নি একথা জানি। এই ১৯ লক্ষ লোককে উনি কিভাবে বসিয়েছেন তা আমরা জানি না। পাসিয়াল রিহ্যাবিলিটেশন মানে যে কি. তা বোঝা বড শুকু। কিন্তু আমি একথা জানি যে, অনেককে যাদের লোন দেওয়া হয়েছে সেই লোন অভাবে পড়ে তাবা থেয়েছে এবং ঘরবাড়ি বিক্রি ক'রে তারা আবার পাকিস্তানে চলে গেছে। সেখানে গিয়ে অভাবে পড়ে আবার তারা এখানে চলে এসেছে। এইরকমভাবে কতবার যে লোন নিয়ে পশ্চিমবংগ থেকে পূর্ববংশ গিয়েছে এবং পূর্ববংগ থেকে পশ্চিমবংশ এসেছে ত'র থবর বোধ হয় গভন মেন্ট রাখেন না। পূর্বে পাকিস্তান থেকে পশ্চিম বাংলায় আসার কারণটা কি? ১০ বছর যাবং এই পশ্চিম বাংলা স্বার উন্মন্ত করে রেখেছে যে, যারা পাকিস্তানে না থাকতে পার তারা এখানে চলে এস। কিন্তু এই দরজা উন্মন্ত রাখার আজ কি প্রয়োজন আছে তা আমি ব্রুতে পারি না। স্যার, আপনি জানেন যে, প্রথম মহাযুদ্ধের পরে টার্কি এবং গ্রীসের সংগ্রা যে চুক্তি হরেছিল তাতে ঠিক হয়েছিল যে, তারা দশ বছর যাবং দরজা উল্মুক্ত রাখবে এবং এক্সচেঞ্জ অব পপুলেশন এই দশ বছরের ভেতরে যা হবে তার পূরে আর হতে পারবে না। আমাদেরও সেইরকম একটা টাইম লিমিট থাকা দরকার। যারা সেই রাজ্যে সাম্প্রদায়িকতার জনা থাকতে পারবে না তারা প্রবিশ্গ থেকে পশ্চিমবংশে চলে এসেছে। কিল্ডু য'রা এখন সেখানে রয়েছে তারা বল্লছে যে তারা এখন সেখানে খেতে পারছে না। এই খেতে পাওয়া জিনিস্টা তো কোন পলিটিক্যাল রিজন নয়? মুসলমানরাও তো পাকিস্তানে খেতে পায় না? কিন্তু তার জন্য পশ্চিমবংগ্রের দুয়ার যে সব সময় ধোলা রাখতে হবে তার তো কোন মানে হয় না। একথা বলে আমি অনেক জায়পায় আনপপ্লার হয়েছি কিল্তু একথা আমি নিশ্চয় বলব যে এইরকম-ভাবে দরজা খোলা রাখা একটা বোকামী ছাড়া আর কিছুই নয়। কারণ ৮০ লক্ষ হিন্দু যদি এখনও সেখান থেকে এসে না থাকে তাহলে এরা যে কতকাল ধ'রে আসবে তা জানা যায় না। একজন প্রসিম্ধ এম-পি দরজা কতকাল খোলা রাখতে হবে সে সম্বন্ধে বলেছেন যে,

till eternity or doomsday whichever is longer.

এইরকম যদি ব্যবস্থা থাকে তাহলে আমি বলব যে পশ্চিম বাংলা রাজ্যের নিরপেক্ষতা ভেপ্পে পড়বে এবং তাতে যারা এখানে আছে তাদের কোন স্কুট্ বাবস্থা হবে না বা আঁমরা যারা পূর্বে উদ্বাস্ত হিসাবে এখানে এসেছি আমাদের কোন সূবিধে হবে না। অতএব আমি বলব যে যত্তিদন পর্যন্ত এই যে উদ্বাহত এসেছে এদের সুষ্ঠাভাবে পুনর্বাসন না হয় তত্তিদন পর্যন্ত বর্ডার একেবারে সিল ক'রে দেওয়া দরকার এবং ব'লে দেওয়া দরকার যে আমরা যতগুলো लाक পেर्साइ এদেরই সূষ্ঠ্যভাবে বসাতে ना পারলে বর্ডার কখনো খোলা হবে না। এটা বাস্তবিক এখন থেকে করা উচিত। যদি পূর্ববিষ্ণা থেকে হিন্দুরা আসে তবে টাইমলিমিট্ এখন थित्करे करत्र एम ७ हा महकात । कात्रम अथान थित्क मा अनामानिता एठा ७ थान याह्य ना। মিঃ খালা বলেছেন যে মুসলমানদের পরিতাক সম্পত্তিতে পশ্চিম পাঞ্জাবের অনেক উদ্বাহত বসেছে। এ যদি সত্য হয় তাহলে আমরা এ সত্য এখানে ফলাতে চাই না। কারণ এখানে মুসলমান যারা রয়েছেন তারা কোন গোলমাল করছেন না এবং আমাদের ইন্ডিয়ান ইউনিয়নকে তারা মেনেও নিয়েছেন। সেজন্য তাঁদের পূর্ব বাংলায় যাওয়ার কোন প্রশ্ন আসে অতএব যারা আসবে তাদের পুনর্বাসন যদি করাতে হয় তাহলে সেটা বাংলার বাহিরে ছাড়া অন্য কোন জায়গায় হ'তে পারে না। কিন্তু আমি চাই যে দণ্ডকারণা ব'লে যে এরিয়াটা নেওয়া হচ্চে সেটাকে সেম্ট্রাল আডিমিনিস্টার্ড এরিয়া ব'লে নেওয়া হোক। মিঃ সেন যেটা বল্লেছেন ৮০ লক্ষ দেখানকার হিন্দ্ এখানে না এসে পারবে না—তাঁকেই আমি বলতে চাই ষে তাদের সেখানেই বসাতে হবে এবং বাঙগালীর পরিবেশ সেখানে স্থিট করতে হবে। মানুষ নতন জায়গায় গেলে মনে ক'রে কিরকম অবস্থায় আমরা বাস ক'রে এসেছি আর আজ কি অবস্থায় এসে পড়েছি- এইসব নানা কথা ভেবে তার সূখে শান্তি নণ্ট হয়, কিন্তু এটা সতি৷ Happiness is a condition of feeling and not a condition of circumstances. যাই হোক, আমাদের যদি সেখানে তাদের বসাতে হয়, তাদের যাতে ব্রঝতে পারি যে এই দেশ সতাই

যাই হোক, আমাদের যদি সেখানে তাদের বসাতে হয়, তাদের যাতে ব্ঝাতে পারি যে এই দেশ সতাই স্কুদর দেশ তার চেণ্টা করতে হবে। আমি ব্যক্তিগতভাবে কলোনী ক'রে দেখেছি এই কলকাতা থেকে ৩০ মাইল দ্রে। প্রথম প্রথম লোক সেখানে থাকতে চায় না, কিন্তু একটা কথা বলেছিলাম তা' এই যে আস্তে আস্তে আমাদের এই জায়গা স্কুদর জায়গা হবে। বাস্তবিক ১০ বছরে সেটা স্কুদর দেশ হয়েছে স্পোনে স্কুল, হাসপাতাল সব হয়েছে। তাই বলছি দণ্ডকারণোর ব্যাপার যদিও ভয়ুঞ্কর ব'লে মনে হয় আস্তে আস্তে কাজ করলে সেই জায়গাই একদিন স্কুথের জায়গা হবে, স্বর্গ হয়ে উঠবে। তাই অপোজিসন্তর তরফ থেকে যেসমস্ত প্রস্তাব এসেছে তার আমি বিরোধিতা করি

[At this stage the House was adjourned till 5-15 p.m.]

 $[After\ adjournment.]$

[5-15-5-25 p.m.]

8j. Jagannath Kolay: Sir, with your permission I am moving a short-notice amendment.

I beg to move that in Amendment No. 6A after the words "takes note" the words "with interest" be inserted.

In Amendment No. 6B after clause (b) another new crause be inserted, namely:—

(c) the implementation of the scheme when finally approved should be undertaken by a statutory body in which the West Bongal Government should be adequately represented.

মাননীয় মন্ত্রীমহাশ্র জান'বেন কি, হাওড়া জেলার ডোমজার থানায় পঞ্চায়েত ব্যবস্থা চালা; করা হবে কি?

The Hon'ble Iswar Das Jalan: Domjur will be taken up next year.

Closing down of the Chakdighi-Tarakeswar Section of Bengal Provincial Railway

- 3. (Admitted question No. 273.) Sj. Pramatha Nath Dhibar: Will the Hon'ble Minister in charge of the Home (Transport) Department be pleased to state—
 - (ক) সরকার কি অবগত আছেন যে, B. P. Railway Co.-র চকদিঘি হইতে তারকেশ্বর লাইনটিতে গাড়ী চলাচল বন্ধ করিয়া দেওয়ার জন্য এ অগুলের জনসাধারণের যাতায়াতের অস্থাবিধা হইতেছে;
 - (খ) এ লাইনটি প্নঃপ্রবর্তন করিবার সরকার কোন বাবস্থা অবলম্বন করিয়াছেন কিন:
 এবং
 - (গ) ক্রিয়া থাকিলে, কি ব্যবস্থা অবলম্বন ক্রিয়াছেন?

The Minister for Works and Buildings (The Hon'ble Khagendra Nath Das Gupta): (ক) হার্ন, কিন্তু দশঘরা হইতে তারকেশ্বর পর্যন্ত বাস চলাচলের ব্যবস্থার প্রবর্তন হওয়ায়, জনসাধারণের অসম্বিধা বহুলাংশে লাঘব হইয়াছে।

- (খ) না।
- (গ) প্রশ্ন উঠে না।

Sj. Monoranjan Hazra:

মাননীয় মান্ত্রীমহাশায় জবাব দিয়েছেন, হাঁ, কিন্তু দশঘরা হইতে তারকেশ্বর পর্যণ্ড বাস চলাচলের প্রবৃত্ত্বন হওয়ায় জনসাধারণের অসম্বিধার বহুল অংশে লাঘব হইয়াছে। আমার প্রশন হচ্ছে, দশঘরা-তারকেশ্বর যে অংশটা তা ছাড়াও আরো একটা বিরাট অংশ আছে সেথানকার জনসাধারণেরও অত্যণ্ড অসম্বিধা হচ্ছে এবং সেই অসম্বিধা দ্র করার জন্য কোন বারম্থা হয়েছে কি না?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

একটা ধনেখালি-মাধবপুর বাস রুট আপ টু তারকেশ্বর এক্সটেন্ড করা হবে। এ-ছাড়া চিনসুরা জি, টি, রোড ধনেখালি দিয়ে আপ টু তারকেশ্বর একটা বাস রুট ওপেন করা হচ্ছে।

Si. Monoranjan Hazra:

যেসব অঞ্চলের কথা বলেছি সেইসব অঞ্চলের জন্য কোনরকম বাবস্থা করা হয়েছে কি না, না করা হ'লে করা হবে কি না ;

The Hon'ble Khagendra Nath Das Cupta:

ব্যবস্থা অবিলম্বে করা যাবে।

Messages

Secretary to the Assembly (Shri A. R. Mukherjea): Sir, messages have been received in respect of the tollowing Bills which have been passed by the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957:—

(1)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the West Bengal Requisitioned Land (Continuance of Powers) (Amendment) Bill, 1957, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI.

CALCUTTA:

Chairman.

The 10th July, 1957.

West Bengal Legislative Council."

(2)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the West Bengal Land (Requisition and Acquisition) (Amendment) Bill, 1957, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI.

CALCUTTA: The 10th July, 1957. Chairman,

West Bengal Legislative Council."

(3)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the West Bengal Premises Requisition and Control (Temporary Provisions) (Amendment) Bill, 1957, without any amendments.

SUNITE KUMAR CHATTERJI.

CALCUTTA:

Chairman,

The 10th July, 1957.

West Bengal Legislative Council."

(4)

"Message

That the West Bengal Legislative Council at its meeting held on the 10th July, 1957, agreed to the Calcutta University (Second Amendment) Bill, 1957, without any amendments.

SUNITI KUMAR CHATTERJI,

('ALCUTTA:

Chairman,

The 10th July, 1957.

West Bengal Legislative Council."

COVERNMENT BILL

The Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land (Amendment) Bill, 1957.

- Mr. Speaker: Mir. Sinha has already addressed the House. The amendments will be deemed to have been read.
- Dr. Suresh Chandra Banerjee: Sir. I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st of August, 1957
- 8j. Sunil Das: Sir, I beg to move that the Bili be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st July, 1957.
- Sj. Samar Mukhopadhyay: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 30th July, 1957.
- 8j. Bejoy Krishna Modak: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 25th July, 1957.
- 8j. dyoti Basu: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 20th July, 1957.
- 8j. Canesh Chosh: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 19th July, 1957.
- 8j. Miranjan Sengupta: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 18th July, 1957.
- 8j. Hemanta Kumar Chosal: Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 15th day of July, 1957.

8j. Samar Mukhopadhyay:

মাননীয় স্পীকার, স্যার, আজকে আমরা এখানে যে বিল নিয়ে আলোচনা করছি, এ বিলটা অতাস্ত গ্রেছপূর্ণ এবং এ বিলটা যেভাবে আনা হয়েছে, তার ফলে কয়েক লক্ষ উদ্বাস্ত্র জীবনে একটা ন্তন আতৎকর সৃ্থি হয়েছে। সেইজন্য এই বিলের বিরুদ্ধে তীব্র বিক্ষোভ এই কয়েকদিন বিভিন্ন অণ্ডলে ছড়িয়েছে। এই যে আইন—সংশোধিত আকারে এই যে বিল আনা হয়েছে—সেই আইনের নাম হচ্ছে এয়ান্ত এক্সভিআই অফ ১৯৫১। এই এয়ান্ত এক্সভিআই অফ ১৯৫১—এর নাম দেওয়া হয়েছে— Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land Bill

এই যে আইন তৈরি হয়েছিল ১৯৫১ সালে যে বিশেষ অবস্থায় এই আইন তৈরি হ'ল সেই অবস্থা ছিল-হাজার হাজার উদ্বাস্ত এখানে এসে যখন দেখল সরকার থেকে তাদের জীম অথবা বাসস্থান অথবা কোনরকম কোন প্রনর্বাসনের বন্দোবস্ত নেই, তথন তারা নিজেদের বাঁচবার তাগিদে তারা বিভিন্ন পতিত জমি জলা জমি—এই সমুহত দুখল করে। তাদের সেই **मथम थाक উरथा** कतात कना वर, काणो रखाँছन, किन्ठू उथन जाएनत উरथाउ कता मण्डव হয় নি, তথন সেখানের সম্পত জমির বড় বড় মালিক যারী, তারা সরকারকে এসে চাপ দেয় এই সমুহত লোকদের জুমি থেকে উংখাত করে মালিকদের সেই জুমি আবার ফেরত দেওয়া হোক। গভর্মানট মালিকদের চাপে উৎথাত বিল আনার চেন্টা করেন কিন্ত যথন তা করা সদ্ভব হয় নি, উপরুত্তু সেই জমিতে উদ্বাস্তুদের স্বীকৃতি দেবার জন্য একটা তীর আন্দোলন হ'ল তথন গভর্নমেন্ট এই আইনের একটা ধারা সেই উদ্বাদ্তু, যারা জবর দখল করেছে, সেটা তারা মেনে নিয়ে তার কিছাটা রক্ষা করার জনা একটা ধারা প্রবর্তন করেন। সেই ধারা ছিল ৪নং ধারা-প্রটেকসন-এর জনা। সেই অবস্থাকে রক্ষা করার জনা সেই ধারা সন্মিবিষ্ট হ'ল। বাঁকী এই গোটা আইনে যেভাবে অন্যান্য ধারাগর্নিল আছে তাতে এই আইনের যে চরিত্র সেই চরিত্র বিশেলষণ করলে ব্রুঝা যায় আসলে সমগ্র উদ্বাস্ত্র প্রুনর্বাসনের জনা এই আইন তৈরি হয় নি। তৈরি হয়েছিল, যেসমস্ত উদ্বাস্ত্রদের যাদের এই সমস্ত জাম থেকে উৎথাত করা গভন মেন্ট পক্ষ থেকে সম্ভব হয় নি. কারণ ১৬নং এলক্ট-এর বিরুদ্ধে যথেণ্ট আন্দোলন হয়েছিল কিন্তু তা সত্তেও ১৬নং এাক্ট-এ যে জাম দখল বা জবর-দখল করে, মিলিটারী ব্যারাকস ও লোকের খালি বাড়ী দখল করে, তখন এই বিলে উদ্বাস্তদের প্রটেকসন দেবার বন্দোবস্ত ছিল। তখন গভনমেন্ট এই আইন তৈরি করার সময় দেশের সামনে উদ্বাস্তদের সামনে এই প্রতিশ্রুতি দিয়েছিলেন—"আমরা যে আইন করব, এই আইনের বলে যাদের জাম থেকে, অথবা জোর-দখল বাড়ী থেকে তুলে দিতে চ'ই, তাদের একটা বিকল্প বন্দোবৃদ্ত করব'''। সেই জন্য আইনের ধারায় এই সংযোজন করা হর্মোছল যে, জবর-দখল करलानी वा वाफी श्वरक এই সমহত উम्वास्ट्राप्त । উৎशां कता राव ना-यटक्का जात्मत कान বিকল্প জমি ও বাড়ী অথবা বাড়ী বাবদ কোন লোন গভর্নমেন্ট থেকে না দেওয়া হয়।

[2-50-- 3 p.m.]

কিন্তু সেই আইন করবার সময় যেভাবে আইনের ধারাকে সীমাবন্ধ করা হয়েছিল, সেই ধার কে এখনো বাতিল করা হয় নাই। অর্থাৎ উদ্বাদ্তু ব্যাখ্যা ইত্যাদি—সেগ্লিতে পরে আছি। তখন গভর্নমেন্ট এই লক্ষ্য নিয়ে এই আইন তৈরী করেন যে, গভর্নমেন্টের হাতে এখনো জমি আছে, এখনো গভর্নমেন্ট কিছ্ জমি দখল করে খ্র তাড়াতাড়ি করে সমদত উদ্বাদ্তুদের একটা বিকল্প বন্দোবদ্ত কবে এই সমদত জমি মালিককে ফিরিয়ে দেবার প্রশাস্তুদের একটা বিকল্প বন্দোবদ্ত করে এই সমদত জমি মালিককে ফিরিয়ে দেবার প্রেমান তৈরী করে গভর্নমেন্ট সেই আইনের মেয়াদ ঠিক করেছিলেন যে, আইনটা হবে ১৯৫৪-৫৫ সাল পর্যান্ত। এর মধ্যে জ্বাবর-দখল কলোনী কিরকম হয়, সরকার নিজের হাতে নিয়ে নয়, বিকল্প বন্দোবদ্য করেও নয়, পরিতান্ত মিলিটারী ব্যারাকে যারা পরিতান্ত বদতীতে বাড়ীদ্বাদ করে বর্বে রেমাছল, তাদের একটা বিকল্প বাসম্থানের ব্যবস্থা করে দিবেন এবং ম্যালক যদি চায় গভর্নমেন্ট তাদের বাড়ীগুলি ফিরিয়ে দিবেন। কিন্তু আমরা দেখলাম ১৯৫৪ সালের আইনের ১৬ নন্বর ধারা যে উদ্দেশ্যে ছোবিত হর্যেছিল, তা হ'ল না। তখন

আব র তারা মেরাদ এক বংসরের জন্য বাড়ান হ'ল। তখন গভর্নমেন্ট বললেন আমরা মোটাম্টি একটা ফার্ক্ট ফাইণিডং কমিটী করে, একটা সার্ভে করেছি এবং আমরা ঠিক করেছি আরু এক বছরের ভেতরে উন্বাস্ত্দের প্রবাসন সমস্যা ও যারা জবর-দখল কলোনী করে বসে, আছে তদের সমস্যা মিটিয়ে দেব। স্তরাং আর এক বংসর মেরাদ বাড়ান হোক। এক বংসর গেলে আবার সংশোধন হ'ল। ১৯৫৫ সালে গভর্নমেন্ট বললেন আরো দ্ববংসর এর মেরাদ বাড়িয়ে দিতে হবে। তারপর আব র আজকে ১৯৫৭ সালে তার সংশোধন উপস্থিত কবছেন, এর মেরাদ আরো এক বংসর বাড়ানের জন্য অর্থাৎ ১৯৫৮ সালের ৩১শে মার্চ পর্যান্ত। উন্বাস্ত্ সমস্যা সমাধানের জন্য যে আইন তৈরী হয়েছিল ১৯৫১ সালে, সেই আইন আজ ১৯৫৭ সালে, এত বংসর পরে, আজ একটোনসন-এর জন্য এই আইনের সংশোধনী আনা হচ্ছে। কি যুন্তি দিয়ে? না, বহু কেস ডিসপোজড অফ করতে হবে। ছোট ছোট জমির মালিক যারা, তাদের ন্যাযা ক্ষতিপ্রেণ দিয়ে, তাদের জন্য ও বাড়ী ফেরত দিতে হবে ইত্যাদি যুক্তি দিয়ে আজকে বলা হচ্ছে, এটাই-এর এ্যামেন্ডমেন্ট করে এর জীবনকে আর এক বংসরের জন্য বাড়িয়ে দেওয়া হোক।

এই যে এ। মেন্ডমেন্ট আনা হয়েছে, এব ন্বারা **প্রমাণ হয় যে উন্দেশ্যে গভর্নমেন্ট এই** ্রাইন চালা, করেছিলেন, সেই উদ্দেশ্য কথা হয়েছে। অর্থাৎ **উদ্বাদ্তদের জবর-দর্থল** কলেনীগ্রলো সরকার আজ পর্যাত রেগালারাইজ করেন নাই। অথবা তার কোন বিকল্প বাবস্থা করেন নাই। যে-সমস্ত বাজাক-বস্তাতে উদ্বাস্ত্রা উঠে আসতে বাধা হয়েছিল, তাদের সেখান থেকে সবিয়ে মালিকদের বসবার বাবস্থা হয় নাই। গভর্নমেন্ট ১৯৫৫ সালে একটা সংর্ভে করে বললেন ১৩৩টা সেক য়টাস কলেনী আছে, আমাদের **ইচ্ছা সেগ্রলো আমরা** বেগলোরাইজ করবো। ১৯৫৩ সালে একটা ফাক্ট ফাইণ্ডিং কমিটী হলো তাঁরা একটা িরপোর্ট তৈরী করলেন। তারপুরে আবার একটা মিনিন্টেরিয়াল কমিটী হলো। তারা কতকর্গালি স্পারিশ করলেন। তাঁব বললেন, আমাদের লক্ষ্য হচ্ছে ১৩৩টী যে স্কোয়াটা**স** কম্লানী আছে, সেগুলো বেগুলারাইজ করবে । আর অমরা এথানে কি রিপোর্ট পেলাম? আজ পর্যান্ত মোট ৬৯টী কলোনী রেগুলোরাইজ করা হয়েছে! তারও যেভাবে রেগুলোরাইজেসন-এর ব্যবস্থা হয়েছে তাও পর্ণস্থালি। সেখনে সেই রেগ্লোরাইজেসন-এর ভেতর দিয়ে স্কোয়াটাসারা জামির প্রকৃত মালিকানা পায় নি। তাদের নিজেদের যে ঘরবাড়ী, বস্তী ইত্যাদি হয়েছে, এ-কথা আজও তারা বলতে প'রে না। এই <mark>থেকে ব্ঝতে পা</mark>রা <mark>যার</mark> সরকার এই রিফিউজীদের প্নর্বাসনের বাবস্থা করার ব্যাপারে, অথবা কলোনী স্বীকার ল্পবাব কাজে সম্পূর্ণ বার্থ ইয়েছে। ইতিমধ্যে অবস্থার পরিবর্তন হয়েছে। ১৯৫০ সালের ল্লানে যে উদ্বাস্ত্রা এর্সোছল তারপর আরো এসেছে, তারা জমি দথল করে কলোনী গ'ড়ে তুলেছে। তা ছাড়া আরো বহু উদ্বাস্তু, তারা নিজেদের বাঁচবার তাাগদে গভর্ন মেন্টের হদয়হীনতা উপেক্ষা করে আরো কতকগ্লি কলোনীর প্রতিণ্ঠা করেছেন। গভন মেণ্ট এ-পর্যানত পারান সেই সার্ভে অনুযায়ী ধরে নিয়েছেন যে ১৩৩টী কলোনী যা আছে, তাই তাঁরা রেগ্লোরাইজ করবেন। প্রকৃতপক্ষে কলোনী গ'ড়ে উঠেছে প্রায় আড়াইশোর মত। আরো প্রায় একশো কলোনী গডবর মুখে। এখন প্রশন হচ্ছে, সেগ্লে কি করে বৈধ করা যায় কি করে আজকে তাদের জমি দেওয়া যয়। অথবা যারা ৬।৭ বংসর ধরে পরিতাক্ত বাড়ীতে, ব্যারাকে পড়ে আছে, তাদের কি করে প্রবাসন দেওয়ার ব্যবস্থা করা যায়-আইনকে সেইদিক থেকে সংশোধন না করে. আইনকে যেভাবে সংশোধনের বাবস্থা হচ্ছে, সেটা ঠিক উল্টো। অর্থাং যারা উম্বাস্তু তাদের কোন বেনিফিট না দিয়ে আরো চেণ্টা হচ্ছে, সেই আইনকে কি করে আরো ফার্দার রিজেক্ট করা যায়, তার দিকে সংশোধনী গভন মেন্ট আনতে চলেছেন। ১৬নং ধারায় যে-যে জিনিষগ্লির পরিবর্তন আন। উচিত ছিল, সেই পরিবর্তন তাঁরা আনেন নাই, যা তাঁদের আনা উচিত ছিল, যেমন উম্বাস্ত্র সংজ্ঞা, ডেফিনিশন অফ ডিসপ্লেসড পার্সনিস। এই ডিসপ্লেসড পার্সনিস-এর যে সংজ্ঞা তারা দিয়েছেন তা হচ্ছে ১৯৫০ সালে ৩১শে ডিসেম্বর পর্যবত প্রেবিজা ত্যাগ করে পশ্চিমবজ্গে ধারা এসেছেন, তারা এই আইন বলে ডিসং*লসভ পার্সন বলে স্ব**ীকৃত হবেন। আর তারপরে যাঁরা এসেছেন** তাঁরা রিফিউজী বা ডিসপ্লেসড পার্সনস নয়। অর্থাৎ এই আইন দ্বারা উদ্বাদকুদের দুটী ভাগে, দ্বটি ক্যাটিগরীতে ভাগ করা হয়েছে। তাঁদের—১৯৫০ সালের ৩১শে ভিসেম্বরের মধো

বার। এসেছে জমি দখল করা দরকার। আর যারা ১৯৫১ সালের জান্য রা মাসে এসে জমি দখল করেছে, তারা এই ১৬নং আইনের বেনিফিট পাবে না : জমি থেকে উৎখাত হবে। স্তরাং ১৬নং ধারার বেনিফিট দেওয়া হচ্ছে একটা সীমাবন্ধ অংশকে। যারা জমি দখল করে নিজেদের বাঁচার তাগিদে গত ৬ বংসর ধরে সমাজ-সংসার, ঘরবাড়ী ইত্যাদি কোনরকম করে কায়ক্রেশে গ'ড়ে তুলে জাঁবন চালাচ্ছেন, তাঁদের এই ১৯৫৭ সালের আইনে গতনামেন্ট কোন প্রটেকশন-এর বাবস্থা করলেন না। আইনের মধ্যে সেইভাবে সংশোধনের জনাও তাঁরা কোন ধারা সংযোজিত করলেন না।

১৯৫০ সালের পরে অনেক স্কোয়াটারস কলোনী হয়েছে। তাদের সম্বন্ধে তাহলে কি **হবে** : সে**ঞ্চথা সরকার চিন্তা করেন** নাই। এই তো গেল স্কোয়াটার কলোনীর কথা। সাধারণভাবে আড়াই শো হচ্ছে তার সংখ্যা। তার কোন ব্যবস্থা এই এ্যামেণ্ডমেন্ট-এর মধ্যে নাই।

তারপর বলছেন রেগ্লোরাইজ করা হবে। কয়েকদিন আগে গভর্নমেন্টের একটা প্রেস নোট বেরিয়েছিল। সেখানে তাঁরা বলছেন ৬৯টা কলোনা রেগ্লোরাইজ হয়ে গেছে, আরো ৮৭টা কলোনা রেগ্লোরাইজ হয়ে গেছে, আরো ৮৭টা কলোনা রেগ্লারাইজ হয়ে গেছে, আরো ৮৭টা কলোনা তাঁরা কি ভিত্তিতে ঠিক করলেন তা আমাদের বলেন নাই। আমরা আগে শ্নেছিলাম ১৩৩টা রেগ্লোরাইজ করা হবে। তাহলে টেকনিক্যাল গ্রাউন্ড-এ কয়টা রেগ্লোরাইজ করা যাবে না? এ তো শ্র্ম রেগ্লোরাইজেসন-এর ব্যাপার নয়, এর মধ্যে বহু কারছ্পি আছে। যা তাঁরা বলছেন বেগ্লে বাইজ্সেন করা হবে, তা সেনে নেই, যদি ব্রিঝ তাদের ভিস্কোল্ড পার্সন্মের হিসেবে স্বীকৃতি দেওয়া হবে। তা বিদ হা, তাহলে এই স্বীকৃতি তাঁরা কি ভিত্তিতে দিয়েছিলেন তার নাঁতি কি হছে, তা পড়ে থেনোছি; মিনিণ্টারিয়াল কমিটা তাদের রিপোটো বললেন—

Apart from the law and the legal position, it would be inhuman to evict such displaced persons without giving them alternative accommodation.

[3-3-10 p.m.]

৯৯৫০ সালে এইভাবে এসেছিল, তারা বিপদে পড়ে, দ্বঃখদ্দশিগুস্ত হয়ে এসেছে, এগ্রলি কি মানবিকতার মধ্যে পড়ে না, এগ্রলি কি হিউম্যান কন্সিডারেশন নয় বিতাদের প্রিলিখি কি হবে সে সম্পর্কে বলেছিলেন—

We have carefully considered the question of future policy in this behalf. There is considerable advantage in the regularisation of these colonies as displaced persons settled therein are generally gainfully employed in the vicinity. Further in many colonies they have organised some sort of corporate life in the form of schools, clubs, private dispensaries, etc. and their removal from the existing squatters colonies is likely to dislocate their social and economic life. But the question of financial commitments involved in the regularisation of these colonies must necessarily affect the decision.

হিউমান কাঁসডারেশন-এ ফিউচার পালিশি নির্ধারিত হবে এ-কথা স্বীকার করেছিলেন এবং বলেছিলেন, যে-সমস্ত উদ্বাস্ত্রা নিজেদের পরিগ্রমে, নিজেদের চেটায় একটা একটা কলোনীতে সামাজিক গোষ্ঠী প্রতিষ্ঠিত করে নানারকম সংস্কার-সাধন করে নিয়েছে, তাদের কলোনী রেগ্লারাইজ করা দরকার। এই হিউমান কাঁসডারেশন পালিশি এগিলকেশন-এর ক্ষেত্রে—১৯৫১ সালে এটা হ'ল,—১৯৫৭ সালে এই আইনের এক্সটেন্দান চান—মাঝে মাঝেও এক্সটেন্ড করেছেন। শেষ কালে বাধা স্থিট করছেন, নানারকম ল্প-হোল স্থিট করছেন, কার্যাকরী করেছেন। শেষ কালে বাধা স্থিট করছেন, নানারকম ল্প-হোল স্থিট করছেন, কার্যাকরী করেছেন। শেই কাইনাম্স কমিটিই যাক, এই ফাইনাম্স কমিটির কথাটা আমি পরে আলোচনা করব। কিন্তু কথা হচ্ছে যে, কাজগুলি এখনি হওয়া দরকার, সেগুলি সম্বন্ধে গভর্নমেন্ট কি করেছেন ই ১৯৫৪ সালে কোন কোন এলেকায় টপোগ্র্যাফিক্যাল সার্ভে আরম্ভ করেছিলেন, এনিউমারেশন ইত্যাদি বন্দোবন্দত করেছেন। কিন্তু রেগ্লারাইজেশন হওয়া সত্ত্বেও কোন কোন জারগায় আন্ধ্র প্রবন্ধত অর্থণপার যার নি।

The Hon'ble Bimal Chandra Sinha: I believe the honourable member has not carefully studied the provisions of the Act. I find that he is talking about regularisation of squatters' colonies and he is complaining that arpanpatra has not been given. If I may point out, this Act does not deal with regularisation of squatters' colonies. That is done under the ordinary Act. This is a specific Act providing specific rehabilitation of a few persons who have applied for rehabilitation under this Act, and the owners have applied for getting back the land under a specific provision of a particular Act. I think the points that have been made out by the honourable member about squatters' colonies are of no consequence so far as this Act is concerned.

Sj. Samar Mukhopadhyay:

মাননীয় দপীকার মহাশয়, এই যে এ্যাক্ট-এর প্রভিশন, এই প্রভিশন দ্বারা যারা অথরাইজন্ড অকুপেশন করেছে এবং আন অথরাইজন্ড অকুপেশন করে, তারা প্রটেকশন পাবে। যারা ১৯৫০র ৩১শে ডিসেন্বর-এর মধ্যে এসেছে এবং অকুপাই করেছে—

The Hon'ble Bimal Chandra Sinha: I am sorry to again interrupt the honourable member. The Act lays down that those who have come before a particular date and have applied for rehabilitation under this Act, they are only getting protection under this Act.

Si. Samar Mukhopadhyay:

আচ্ছা, এখন আইনের যে ব্যাখ্যাই হোক, আমি মিনিটেরিয়াল কমিটির রিপোর্টটা পডছি. Apart from the law and the legal position, it would be inhuman to evict these displaced persons without giving them alternative accommodation. আইনটা সেভাবেই সংশোধন হওয়া উচিত ছিল য'তে স্কোয়াটার্স'রা বেনিফিট পেতে পারে. ক্রিক্ত সেভাবে সংশোধন হ'ল না, টেকনিক্যাল ফ্রম্জ দেখিয়ে সে-সমস্ত লোকের প্রতিশন-এর কোন বল্লোবস্ত করলেন না। এখন এই যে ডেফিনিশন হচ্ছে বে ১৯৫০ সালের মধ্যে এসেছে এবং জীম দখল করেছে তার প্রমাণ দিতে। হবে, তার আরো নানারকম ঝামেল। আছে এবং সেই প্রমাণ বহু উদ্বাস্তু দিতে পারবে না, যার ফলে এই আনঅথরাইজভ অকুপেশন তার বে প্রটেকশন বেনিফিট বহু, লোককে দেওয়া হয় নি, সেজনা এই আইন বজায় রাখা হয়েছে এবং বঞ্জায় রেখে বেভাবেতে এক্সটেনশন চাচ্ছে, এই এক্সটেনশন-এর পরিণাম হবে আনঅধরাইজড অকপেশন যে কয়েক লক্ষ উদ্বাস্ত, যারা জমি দখল করেছে অথবা ব্যারাকস-বস্তি ইত্যাদি पश्चन करतरह, जारमंत्र श्राटकेशन ना मिरस जारमंत्र छेरक्रम कता र'म। स्त्रकना धरे आहेन सन्वरम्य আক্রকে বিক্রিসভারেশন করা উচিত এবং আমি আপনার মাধ্যমে এই সরক রকে বলছি বে. সংশোধনগুলি পুর্নবিবেচনা কর্ন। আহাকের দিনো "ডিসপেলসড" এই কথাটার ডেফিনিশন আরো বড় করা দরকার। তার। আজকে এখানে যে ডেফিনিশন রেখেছেন, অর্থাৎ ১৯৫০ সালে এবং ১৯৫০ সালের মধ্যে তাদের জমি অথবা বৃষ্ঠি বা ব্যারাক দখল করার প্রমাণ করতে হবে তবে বেনিফিট পাবে, দ্বিতীয়, এই আইনে ছিল এটা এফেক্টেড করতে পারবেন না, এয়ার্ক্ট ১৬ অনুসারে যতক্ষণ পর্যাত না তাদের বিকলপ জমি বা বাড়ী বা গৃহনির্মাণ ঋণ দেওয়া হয়। তারা এখন যে সংশোধন আনছেন তাতে তারা বলছেন, বিকল্প জমি অথবা ল্যান্ড পারচেঞ্চ লোন উদ্বাস্ত্রদের দিয়ে এভিক্ট করবেন। ল্যান্ড পারচেক্স লোন দেওয় গভন নেন্ট-এর াক্স ধ্রে সহজ্ঞ; এভিকশন অর্ডার দিয়ে তাঁরা বলবেন, ওখানে একটা বাড়ী আছে, জমি দেওয়া আমাদের কোন রেসপান্সবিলিটি নয়। এইভাবে নানা অজ্বহাতে তাঁরা তাঁদের রেসপান্সবিলিটি সার্ক করতে চাচ্ছেন। তা ছাড়া, উন্বাস্তুদের সুবিধার ব্যাপারে যে এড ক্ষেপ ছিল, ১৯৯১ সংকৃচিত করতে হচ্ছে। সংকে'চন কৰতে চাচ্ছেন এইভাবে যে যারা কোর্নদিন পূর্ববংশ্য াফরে যাবে না, শুধ্য সেই রকম লোককে কেবলমাত্র বেনিফিট দেবেন। তা ছাড়া, তারা এয়ামেশ্ডমেন্ট অনুনছেন যে, কম্পিটেন্ট অর্থারটির হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে বা কিছ সংক্ষািত করে পেট গভর্নমেন্ট-এর হাতে আনছেন। এই কাম্পটেন্ট অর্থারটিও গভর্নমেন্ট-এর শ্বারা নিযুক্ত, কিন্তু এই কন্পিটেন্ট অথরিটি অনেক ক্ষেত্রে ডিসক্রিশনারী পাওয়ার ব্যবহার করতে চান। অনেক ক্ষেত্রে "ডিসপ্লেসড" ব'লে দেখাতে পারে না এমন লোককেও কন্পিটেন্ট থেরিটি.....এভিডেন্স-এ উদ্বাহতু ব'লে ঘোষণা করেছেন, এবং এগ্রন্থ-এর ৪ নন্বর সেকশন-এ শুনেক টেকনিক্যাল দ্বু আছে বলেছেন। কন্পিটেন্ট অথরিটির সমহত ক্ষমতা সংকুচিত করে দিয়েছেন, যার ফলে কন্পিটেন্ট কোট-এ গিয়ে যা কিছু কিছু সুযোগ পেত উদ্বাহতুরা, সেই সুযোগ-সুবিধা বেনিফিট থেকে এই এ্যামেন্ডমেন্ট দ্বারা বণিত করবার চেন্টা কুরা হচ্ছে।

[3-10-3-20 p.m.]

আমি একটা উদাহরণ দিচ্ছি কন্দেশনসেসনের ব্যাপারে। কন্দেশনসেসনের ব্যাপারে কন্দিপটেন্ট প্রথালি রায় দিয়েছেন। হাওড়া দেটশনে যে ক্যাম্প আছে, ৬৫-রেম্ট ক্যাম্প, তার একটা উদাহরণ দিচ্ছি। সেখানে কম্পিটেন্ট অর্থারিটির কোর্টে মামলা উঠলো. ১৯৫৫ সেপ্টেম্বর কশ্পিটেন্ট অর্থারটি বিচার করে রায় দিয়েছেন যে, ১৯৫৫ সেপ্টেম্বর থেকে তাদের কদেপনসেসন দিতে হবে, পরশ্য দিন আমি সেখানে গেলাম, আমাকে একটা ডকুমেন্ট দেখানো হ'ল যে, ওয়েল্ট বেণ্যাল গভর্ন মেন্ট কম্পিটেন্ট অর্থারিটির র য়ের বিরুদ্ধে এয়পীল করেছেন ট্রাইবুনালে এবং ওয়েণ্ট বেণ্গল গভর্নমেন্টের এ্যাপীলের বস্তব্য হচ্ছে যে, কন্পেনসেসন দিতে হবে ফ্রম দি ডেট অফ অকুপেশন। আমি জিজ্ঞাসা করলাম সেই ভদ্রলোককে যে আপনি করে এসেছেন, তিনি বল্লেন ১৯৪৭ সালে। সেই ১৯৪৭ সাল থেকে তাঁকে কম্পেনসেসন াদতে হবে। কম্পিটেন্ট অর্থারটি বল্লেন, সেপ্টেম্বর, ১৯৫৫ থেকে দিতে হবে, কিন্তু গভর্নমেন্ট সেই কম্পিটেন্ট অর্থার্রাটর রায় রিভিসন করে পুরা কম্পেনসেসন আদায় করতে যাকেন। সেজনা তাঁকে যদি কম্পেনসেসন দিতে হয় তাহলে সেখানে প্রায় ৬শো টাকার মত তাঁকে কন্দেপনসেসন দিতে হবে এবং ঐ টাকা কন্দেপনসেসন দিয়ে তারপর ল্যান্ড পারচেজ শোন নিয়ে জমি কিনে তিনি বাড়ী করবেন, এ হয় না। কন্পেনসেসনের ব্যাপারে গভর্নমেন্ট যেভাবে এই আইনকে বজায় রেখেছেন এবং যেভাবে তাঁরা কেস করছেন এবং কম্পেনসেসন ধার্যা করছেন তাতে উদ্বাদ্তদের যথেণ্ট আশৃংকার কারণ আছে। এই কন্দেপনসেসনের ২।১টা রায় আমি উল্লেখ করে যাচ্ছি, যেমন একটা অর্ডার ৩৭১।৫১. এখানে কম্পেনসেমন ধার্যা করা হয়েছে কোকোনাট ১১০ টাকা, জ্যাক-ফুট ১৫ টাকা, লিচি ৫০ টাকা, ম্যাপ্সো ৪০ টাকা, পাম ৬০ টাকা, বিটেল নাট ২৯০ টাকা, জামর,ল ১২ টাকা, এই সমস্ত কন্পেনসেসন ধার্যা হয়েছে এবং আস্তাবল যাঁরা দখল করেছিলেন, তাদের সেই আস্তাবলের ভাড়া, তাদের ঘর-ভাড়া এই সমস্ত ধরে পার হেড ১১। পার মান্থ ধার্য্য হচ্ছে। যদি ৫ জনের ফ্যামিলি হয় তাহলে ৫×১১=৫৫ টাকা প্রতি মাসে একজনের ওপর কন্পেনসেসন ধার্য হবে এবং ৬ বছর যদি সেথানে এসে থাকেন, তাহলে ৬ বছরের টোটাল কম্পেনসেসন তাঁর কাছ থেকে থাদায় করা হবে, এটা হচ্ছে কম্পিটেন্ট অর্থারিটির রায় এবং যে এ্যামেন্ডমেন্ট আসছে তাতে এই কম্পেনসেমনগুলি আদায় করা হবে প্রবিলক ডিম্যাণ্ড্স রিকভারী এ্যাক্ট অনুসারে অর্থাৎ আগেকার সিভিল কোর্ট প্রসিডিওর এটা ক্যানসেল করে দিয়ে এই কন্পেনসেসন পাবলিক ডিম্যান্ড রিকভারী এ্যাক্টে আদায় করা হবে এবং এই কন্দেপনসেসনের ক্ষেত্রে বড় বড় জমির মালিকদের ইন্টারেণ্ট বড় করে দেখা হয়েছে। যেমন পোদ্দারনগর কলোনীর কথা বলছি, তাকে রেগ্লারাইজেশন থেকে বাদ দেওয়া হয়েছে। সেথানে ৬ বছর ধরে যাঁরা বসে আছেন, তাঁদের ষদি কন্পেনসেসন দিতে হয় তাহলে একটা বিরাট পরিমাণ কন্পেনসেসন এই জমির মালিকদের দেওয়ার বন্দোবস্ত হবে। সেজনা এই যে এ্যামেণ্ডমেন্ট, এই এ্যামেণ্ডমেন্টের মূল লক্ষ্য হচ্ছে বড় বড় জমির মালিকদের কম্পেনসেসন দেওয়া, যদিও এখানে ওঁরা বলছেন যে ছোট ছোট জমির মালিকদের জন্য আমরা এই সমস্ত ব্যবস্থা করতে চলেছি। ছোট ছোট জমির মালিকদের ব্যাপারে বারে-বারে আমাদের পক্ষ থেকে বলা হয়েছে যে, একটা কম্প্রোমাইজে আসনুন, কম্প্রোমাইজ হ'লে ছোট ছোটু মালিকদের সংগ্র বহুদিন আগে একটা ফয়সালা ু, হয়ে হৈত। তা ছাড়া হে-সমুস্ত জুমি ও বাড়ীর মালিক মুস্লীম, তাদের সংশ্যে বহুদিন শাগে কম্প্রোমাইজ করে তাদের ঘর ছেড়ে দিয়ে গভর্নমেন্ট যে বিকম্প ব্যবস্থা করে দিতেন, সেই বাবস্থা মেনে নেবার ব্যবস্থা হয়েছিল কিন্তু গভর্নমেন্ট থেকে তার কোন ব্যবস্থা করা হয় নি এবং ৬ বছর ধরে এগ্রাল ক্রেছ্বারাইজ্পান হয় নি, তাদের রিহ্যাবিলিটেসনের বাবস্থা করা হয় নি। আজ ৬ বছর ধরে উন্বাস্ত্রদের সেই সমসত জায়গায় ফেলে রেখে দেওয়া হয়েছে।
এবং আজকে তাদেব কাও থেকে ৬ বছরের কন্পেনসেসন আদায় করার বন্দোবসত করা হছে।
আমি বলি, উন্বাস্ত্রদের কাছ থেকে এই কন্পেনসেসন আদায় কার কোন যুর্নিন্ত নেই,
কন্পেনসেসন যদি দিতে হয়, তাহলে তার রেসপন্সিবিলিটি গভর্নমেন্টকৈ নিতে হবে, কারণ
গভর্নমেন্টের বার্থতার জনাই এই সমসত উন্বাস্ত্রদের ৬ বছর ধরে ঐ-সমসত জায়গায় পড়ে
থাকতে হয়েছে, পরিতান্ত ব্যারাক এবং বাড়ীতে তাদের পড়ে থাকতে হয়েছে এবং তাদের জীবন
সেখানে আজ দুর্ন্বব্সহ হয়ে উঠেছে।

Mr. Speaker: Mr. Mukherji, I have already given you 30 minutes. I may tell the honourable members that I shall be very strict about the time as many members will speak on this amendment.

Sj. Samar Mukhopadhyay:

তা ছাড়া এই যে বিল আনা হয়েছে, তাতে কম্পিটেন্ট অর্থারিট নর্ম্যাল কোর্সে দেসে ডিসপোজ অফ করতে না পারলে পর্বালশ কমিশনার অথবা পর্বালশ স্বুপারিন্টেন্ডেন্টের সাহায়া নিয়ে জোর-জবরদ্যতী করে এই সম্মত এভিকসনের বন্দোব্যত করা হবে। আজকে গভর্নমেন্ট মোর এগান্ড মোর পিপ্ল-এর কো-অপারেশন না নিয়ে এত বড় একটা সিরিয়াস ব্যাপারে, যেখানে লক্ষ লক্ষ লোকের স্বার্থ জড়িত আছে, সেখানে বিরোধীদলের সংগে প্রামশ না করে, তাদের সংগে একটা কম্প্রোমার্শ না করে, তাদের সংগে একটা কম্প্রোমার্শ না করে, তাদের সংগে একটা কম্প্রোমার্শ না করে গভর্নমেন্ট মোর এগান্ড মোর প্রিশেষ উপর নিভার করে, অতা তার কবে, জোর-জবরদ্দিত এভিকসন করতে যাচ্ছেন। আমি বিলা, গভর্নমেন্টের এই প্রচেণ্টা যদি চলে তাহলে তাঁরা জেনে রাখ্ন যে, তাদের উদ্দেশ্য বার্থ হতে বাধ্য এবং এই ধরণের এগামেন্ডেমেন্ট যদি জোর করে পাশ করাবার চেন্টা হয়, তাহলে সারা পশ্চিমবাংলায় একটা প্রচাণ্ড অন্দোলনের বড় উঠবে। সেজন্য আমার দাবী এটাকে হয় দ্বগিত রাখ্ন, না হয় এটাকে সাক্রিশনেন দেওয়া হোক ফর পার্বালক ওপিনারন।

Dr. Suresh Chandra Baneriee:

মাননীয় দ্পকির মধোদয়, মাননীয় বিমল সিংহ মহাশয়, এই বিলটা উত্থাপন করতে উঠে যথন বকুতা দিচ্ছিলেন, তখন গভীর মনোযোগেব সংগ্রেমান শুনেছি। আমি তাঁর অনেক বস্তুতা এর আগে শুনেছি কিন্তু এমন ভাসভাসা বস্তুতা আরু কংন্ও শুনি নি। সর্বক্ষণই আমার মনে হচ্ছিল, তিনি যা বলছেন তার সঙ্গে তাঁর শুধু মুখের সম্পর্ক, অন্তরের কোন যোগ নাই। তাঁর মথের দিকে আমি সর্বক্ষণ তাকিয়ে ছিলাম। তিনি চেণ্টা করেছিলেন মাথের স্বচ্ছতা স্বক্ষিণ অম্লান রাথতে। কিন্তু অন্তরের মালনতা মাথে ফাটে উঠে মাথকে ম্লান করে দিচ্ছিল। তিনি মুখে বল্লেন, এই বিল উল্বাস্তুদের ওয়েলফেয়ার অর্থাৎ মঞ্চলের জনা। তার মুখের দিকে তাঞিয়ে মনে হয়েছিল অত্তরের সঞ্গে তান এ-কথা বিশ্বাস করতে পারেন নি। শ্ব্র তাই নয়, এই বিল সম্বন্ধে আর একজন মন্দ্রীর সংগে সামানা একট্ আলেচনা করেছিলাম। আমি যথন বললাম, বিলের উদ্দেশ্য কি? তথন তিনি মচুকি ट्टा म थ फिनिएस निएस एक्टान लण्डास । এই निएल अमन करसको जिनिय जाना स्टास्ट यात करल विलग्ने तक श्राय त्यारणीतयात्र वला हरल. वार्वातात्र वला हरल, न्याग्रीनिक वला हरल। মাল আইনে ছিল জবর-দথল কলোনীর কোন উদ্বাস্ত্রকে যদি তার বাস্তু থেকে সরাতে হয় তবে তাকে বিকল্প জাম দিতে হবে কিংবা। বাসগৃহ ও জাম উভয়ই দিতে হবে। সেই জাম ও বাসগৃহ এমন জায়গায় হবে যে, যে বাবসা-বাণিজ্য তিনি চালাচ্ছিলেন কিংবা যে কাজ-কর্ম তিনি কর্লছিলেন সে ব্যবসা-ব্যবিজ্ঞা কিংবা কাজ-কর্মো কোন ব্যাঘাত না ঘাট। এবং এই সম্প্র বিষয় বিচার করবার ভার থাকরে একজন জজের। উপর, যাকে বলা হয় কণিপটেন্ট অর্থারটি। **এই ছিল আইনের সার কথা**—य'ব সংশোধন করতে এই নতুন নিলে চাওয' হয়েছে। যে সংশোধনী বিল আনা হয়েছে, তাতেও বিকল্প জামি ও বাসগাহের কথা আছে বটে কিন্তু সংগে সংগে একটা সাংঘতিক ধারা জন্তে দেওয়া হয়েছে। এই ধারায় বলা হয়েছে যে, বিকল্প श्याम किरदा नार्मभाष्ट्र मा मित्ना हलादा। जातक भाषा प्रोका मितन हलादा। य प्रोका नाम्फ পারচেজ্ব লোন হ'তে পারে, হাউস বিলিডং লোন হ'তে পারে। কি পরিমাণ টাকা দেওয়া হবে তা ঠিক করে দেবেন কম্পিটেন্ট অর্থারিটি নয়, জজ নয়, দেটে অর্থাং গভর্নমেন্ট নিজে। মোন্দা কথা এই দাঁড়াল—জবর-দথল কলোনীর যে-কোন অধিকারীর কাছে এই আইনের বলে গভর্নমেন্ট গিয়ে বলতে পারবে—

Here is your money--get out, get out

এর চেয়ে বার্বারাস আইন প্রথিবীর কোথাও আছে কি? মূল সাইন যেমন স্কুর ছিল এই স্থ্রশাধনা আইনটি তেমনিই স্যাটানিক হয়েছে। কি করে যে সরকার এই মোইনের কলপনা করতে পারলেন তা আমি ভেবে পাই না। আমাদের মতো একটা গণতান্তিক দেশে যার ঐতিহা এত উৎজল ও মহৎ সে দেশের সরকার যে এমন একটা স্যাটানিক কাজ কবতে পারেন, অগি হা কল্পনাও করতে পারি না।

[3-20=3-30 p m.]

১৯৫১-এর বিলে ছিল যে, যে-বোন জবর-দখলকারী উদ্বাস্ত্রকে উঠাতে হ'লে অল্টারনেটিভ লান্ডে এন্ডে হাউস দেওয়া হবে, তা মেদিনীপার জেলায় হতে পারে বাঁকুড়া জেলায় হতে পারে, দার্জিলিং-এ হতে পারে। কোন স্কোয়াটার এ-ব্যবস্থা পছন্দ করল না। কেন করল না কেন না তাহলে তাদের বাবসা-বাণিজা সব পণ্ড হয়ে যাবে। তারা সত্যাগ্রহ করে. অ ইন খ্যান্য আন্দোলন আরম্ভ করে খার ফলে গভর্নমেন্টকে বাধা হতে হয় সেই এভিকসন বিলকে বিহুমবিলিটেশন বিল-এ পরিণ্ড করতে। তার ফলে আমরা দেখতে পাচ্ছি আজ কলকাতার আশেপাশে নৃতন নৃতন নগরী ও উপনগরী গ'ডে উঠেছে। এইসব স্কোয়াটার কলোনীতে উদ্যাহতদের সংখ্যা ঠিক কত তা বলতে পারি না, তবে এটা বলতে পারি যে, তারা সকলেই প্রায় সেল্ফ সাপোর্টিং--দ্বাবলম্বী। এ-ব্যাপারে গভর্নমেন্ট তাদের কোনরকম আর্থিক সাহায্য করেন নি। গভর্নমেন্টের কাছ থেকে তারা মাত্র তিনটি জিনিষ পেয়েছে, এক গ্রুলি, দুই টিয়ার গাসে তিন লাঠি। এই তিনটি জিনিষ ছাড়া স্কোয়াটার কলোনীর লোকেরা সরকারের কাছ থেকে কোন সাহাযা পায় নি। গভন মেন্টের এই বিরোধিতা সংগও তারা নিজেদের পায়ে দাঁড়িয়েছে, নিজেদের চেণ্টায় স্বাবলম্বী হয়েছে। গভন মেণ্ট সেদিন বলেছেন, ১৯০০টা গভর্নমেন্ট ম্পন্সার্ড কলোনী ম্থাপিত হয়েছে। এসব কলোনীতে এমন একটা লোকও খাজে পাওয়া যাবে না, যাকে গভর্নমেন্ট পার্ণ প্রেবসিতি দিতে সমর্থ হয়েছেন। গভর্নমেন্ট হয় তো ক'উকে খানিকটে জায়গা দিয়েছেন, সংশ্যে সংশ্যে টাকাও হয় তো কিছু দিয়েছেন, কিন্তু তা দিয়ে তাদের অর্থনৈতিক পুনর্বাসন হয় নি। অথচ গভন মেন্ট যে কাজ নিজে করতে পারেন নি সেই কাজ যারা নিজেদের চেণ্টায় করতে পেরেছে, তা থেকে তাদের বণিত করতে উঠে পড়ে লেগেছেন।

মূল আইনে কম্পিটেণ্ট অর্থারিটির বাবস্থা ছিল। তাতে উচ্ছেদ কঠিন হয়ে পড়েছিল। আব এখন উচ্ছেদ ঘণ্ডে সহজে সম্পন্ন হতে পারে সেজন্য কম্পিটেণ্ট অর্থারিটির কাজ গভর্নমেন্ট নিজে হাতে নিয়েছেন।

উচ্ছেদ সহজসাধ্য করবার উদ্দেশ্যে আরও একটা অস্ত্র গভর্নমেন্ট নিজেদের হাতে নিচ্ছেন। মালিকের যদি কিছু টাকা পাওনা থাকে তা মূল আইন অনুসারে অর্ডার অফ দি কোর্ট হিসাবে আদার হতে পারত অর্থাৎ পিয়ন গিয়ে আদায় করতে চেন্টা করত। এই ব্যবস্থা ছিল। আর এখন আদায় হবে এয়জ এ পাবলিক ডিম্যাণ্ড, সার্টিফিকেট নিয়ে প্র্লিশ গিয়ে সরাসরি হাজির হবে, যেন উচ্ছেদটা খ্ব তাড়তাড়ি হতে পারে। অতএব এটা স্পণ্টই বোঝা ষায় এই বিলের এই সংশোধনীর উদ্দেশ্যই হচ্ছে জবর-দখলকারীদের উঠিয়ে দেওরা। মূল আইন ছিল কোন উম্বাস্ত্রক তার জমি থেকে উঠাতে গেলে সহজে প্রিলশের সাহায্য নিতে পারা যাবে না। আর এখন এমন ব্যবস্থা করা হ'ল যাতে করে সহজেই প্রিলশের সাহা্যা নিয়ে উঠানো যায়। যদি কল্জাতার হয়, প্রলিশ কমিশনারের সাহা্যা নেওয়া যাবে, কলঞাতার বাইরে বিভিন্ন জেলায় যদি হয়, জেলা প্রশিশ স্পারিটেভেন্টের সাহা্যা নেওয়া যাবে। আগের-বারে উচ্ছেদ আইন প্রবর্গসন আইনে পরিণত হয়েছে। এই সংশোধনী আইনে প্রবর্গসন আইনকে উচ্ছেদ আইন পরিণত করা হয়েছে।

র্যোদন খেকে এই বিলটা এসেছে. সেই দিন থেকে একটা চিন্তা আমায় পেয়ে বসেছে-গভর্মেন্ট কি তাদের নীতি পরিবর্তন করেছেন? ১৯৫৪ সালে আমার নিশ্চিত বিশ্বাস হয়েছিল পশ্চিমবুণ্গ গভর্নমেন্ট পূর্ববুণ্গ থেকে আগত উম্বাস্তুদের পশ্চিমবুণে**গই** পুনুবর্সাত দিতে ইচ্ছুক। তখনকার উদ্বাস্তু পুনুব্যসন্মন্দ্রী রেনুকু রায় আমা<mark>য় লিখে</mark> জানিয়েছিলেন যে বিনিময় সম্পত্তি বিধিসম্মত করবার জনা একটা আইনের খসডা তৈরী করে দিল্লী পাঠানো হয়েছে। এখন কিন্তু সে সেন্বন্ধে কোন উচ্চ-বাচ্য নেই। তথন ডাঃ রায় চিঠি লিখে আমায় ব্লানয়েছিলেন—কয়েকটি গভর্মনেন্ট স্পন্সোর্ড কলোনীতে স্পিনিং মিল স্থাপন করা হবে, থ্যেন এইসব মিলে কাজ করে কলোনীর লোকেরা খেয়ে-পরে থাকতে পারে। আর একটা কথা বর্লোছলাম, রেগ্লোরাইজেশন অফ স্কোয়াটারস কলোনীজ প্রান্বিত করা হবে। কিন্তু এসব কজ গভর্মান্ট করেন নি। যদি করতেন তবে উন্বাহত পান্ব সনের কালে আনেক এগিয়ে যেতে। কিন্তু তা না করে গভর্নমেন্ট এই প্রস্তাব এনেছেন। ছন্ডকারণোর গ্রহতার সুন্বন্ধে যেসুর থবর র্বোরয়েছে, তাতে আমার এই ধারণা হয়েছে—৩ লক্ষ্ক উন্বাহতু, যারা এখন ক্যাম্প-এ আছে, তাদের অর্নাতবিলমের দণ্ডকারণ্যে পাঠানো হবে। বিভিন্ন স্পনসোর্ড কলোনীতে যদি পিপনিং মিল স্থাপন করে, উদ্বাস্তুদের অর্থনৈতিক পুনর্বাসনের বার্যস্থা করা হ'ত, তাহলে তারা খেয়ে-পরে সুখে থাকতে পারত। আজ দ্ভিক্ষের করাল ছায়া বিভিন্ন কলে নীতে ছড়িয়ে পড়েছে কিন্তু কলোনীর লোকদের রিলিফ দেওয়া হচ্ছে না বঙ্গেই চলে। এইভাবে চল্লে—

50 per cent, of the people in Government sponsored colonies will die of starvation.

এই ১৯৫৭ সালে অন্তর্ধক লোক না থেয়ে মরবে আর অন্তর্ধক লোক কলোনী ত্যাগ করে শেয়ালদা ভৌশনে আশ্রয় নিবে কিংবা অন্যন্ত যেতে চাইবে। তখন গভর্নমেন্ট থেকে বলা হবে— Go to Dandakaranya or similar other places.

গভর্নমেন্ট যদি চাইতেন, তবে স্কোয়াটারস কলোনী সম্বের রেগ্লারাইজেশন এত দিনে সম্পন্ন হ'তে পারত। কলোনীগ্লো রেগ্লারাইজ করার পরিবর্তে এই সাংঘাতিক বিল আনা হয়েছে, যার ফলে যে-কোন স্কোয়াটারস কলোনীর যে-কোন লোককে গভর্নমেন্ট যে-কোন সময়ে বলতে পারবেন—

Get out, Get out, here is the money — If not here is the Police. এই তো আইন, অততঃ আমরা যা ব্ৰেছি।

(The Hon'ble Bimal Chandra Sinha: ট্রাইব্ন্যাল কোথায় গেল?)

Tribunal will be guided by the Government

এই তো আপনাদের আইন। এইসব করে বাংলাদেশে একটি ঊদ্বাদ্ভূকেও থাকতে দেবেন না। যাতে তারা না থাকতে পারে তার ব্যবস্থ ই গভর্নমেন্ট থেকে করা হচ্ছে।

আমি একটা কথা সপণ্ট করে বলে দিচ্ছি সরকারকে—পূর্ববংগের লোকেরা এই অন্যার, এই জ্লুম মাথা নত করে সহা করবে না। তারা অতাতে অনেক সংগ্রাম করেছে, এই এভিকসন বিলকে রিহাাবিলিটেসন বিল-এ পরিণত করবার জন্য আবার তারা সংগ্রাম করবে। যে প্রতিগ্রুতি পশ্চিমবংগের লোকেরা প্রবিংগের লোকদের দিয়েছে, কংগ্রেসের নেতারা পার্টিসনের পূর্বে স্মুস্ণট ভাষায় একবার নয়, দ্বার নয়, বার-বার বলেছেন—ডাঃ ঘোষ বলেছেন, আমরাও বলেছি, আমরা তথন কংগ্রেসে ছিলাম, যে বগাভংগের ফলে পূর্ববংগের লোকের যদি কোন অস্বিধা হয় আমরা দেখব—আমরা পেছনে আছি। কিরণশংকর রার আমাকে বারবার ওয়ার্মিং দিয়েছিলেন, তিনি বলেছিলেন—স্বরেশবার, এসব প্রতিশ্রুতির বিশেষ মূলা নেই, দেখবেন কার্যকালে অনার্প হবে। আমি বিশ্বাস করি নি, ভাবতেও পারি নি কংগ্রেসের লোকেরা তাদের কথা রাখবে না। গভর্নমেন্টের নীতি যে এত খারাপ হতে পারে, অর্মম তা কল্পনাও করতে পারি নি। আজ কিরণবাব্র কথা মনে হছে। কিরণবাব্র কথা শ্নে তখন মনে করেছিলাম এটা তাঁর অন্যায় ধারণা, কিন্তু এখন দেখছি কিরণবাব্র কথা সম্পূর্ণ সত্য। আমার বস্তৃতা শেষ হয়ে এসেছে। ১৯৫১ সালে এভিকসন

বিল সম্বন্ধে যখন আলোচনা হয়েছিল, তখন ড'ঃ রায় যে কথা বলেছিলেন—যদিও ডাঃ রায় এই হাউসে এখন নেই, অন্য মন্দ্রীরা রয়েছেন, তাঁদের মারফত ডাঃ রায়কে পেণছে দিতে চাই--- যখন সে সময় কথা উঠেছিল কম্পিটেণ্ট অর্থারিটি কে হবে। প্রথমে বলা হ'ল, একজন ম্যাজিস্ট্রেট, পরে প্রস্তাব করা হল, না, একজন জজ হবে। ডাঃ রায় বললেন—এটা এ্যাসেমার প্রসেডিংস-এ আছে—ডাঃ রায় বলেছিলেন—

Dr. Roy said that he felt that it was a correct suggestion, because the competent authority will have to decide the main issue which, as a Judge, he will be more competent to decide than probably a Magistrate.....

[3-30--3-40 p.m.]

এই ভাবধারার পরিবর্তন যে কি করে হ'ল, তা আমি ব্রুতে পারি না। সেদিন মক্তী-মহাশর বলেছেন যে, কম্পিটেন্ট অথরিটির জায়গায় গভর্নমেন্টকে আনা হ'ল এইজনা যে, অনেক মামলা জমে গিয়েছে এবং কম্পিটেন্ট অথরিটি তার কাজ ঠিক মত করতে প্রছেন না, ডেমক্র্যাসি ফেল পডছে। ত'ই এই অটোক্র্যাসি আমরা আনতে বাধ্য হচ্চি।

That was the argument for the substitution of a magistrate in place of the judge tor the position of the competent authority.

ডাঃ রায় আর একটা কথা বলেছিলেন, ১৯৫১-এর বিল যথন আলোচনা করা হয়েছিল, তথন সেই কথা আমি মন্ত্রীমহাশয়কে শ্নতে অনুরোধ কর্রছি। ডক্তার রায় বলেছিলেন—এ্যাজ ট্র্ দি এর্যাণ্ডাকেশন অফ ফোর্স: তাদেব মান্যের মত বিচার করতে হবে, কারণ তারাও মানুষ—

As to the application of force Dr. Roy said that the clearest human approach to this human problem would be in a different direction.

এই কথা আজ গভর্নমেন্ট কেন ভূলে যাচ্ছেন, বিশ্যে করে ডঃ রায় যে কেন ভূলে যাচ্ছেন, তা আমি ব্যুবতে পারি না। আর একটা নিবেদন জ্রিন্য়ে ফামি আমার ভাষণ শেষ করব। যথন ১৯৫১ সলে এভিকসন বিল আনা হয়, তথন আমরা ছিলাম, বিরোধী দলে—অবশা অভানত অম্প সংখ্যায়— ৯ জন মাত্র ছিলাম। তাও সকলে একমত ছিলাম না। সেই সামান্য বিরোধী পক্ষের কথায় গভর্নমেন্ট অনেকটা নতি স্বীকার করেছিলেন। ডাঃ রায় বক্তৃতা দিতে উঠে বলেছিলেন বিলের আলোচনা স্থাগত রাখা হ'ল। এর পর আমাদের সঙ্গে আলাপ-আলোচনা করলেন এবং বিরোধী পক্ষের কথা শ্রেন একটা মীমাংসা করলেন। তার রেজান্ট হচ্ছে এই আইন—রিহাাবিলিটেশন আইন অফ ১৯৫১। এর বিশেষ বিশেষ ধারাগ্রিল রিচিত হয়েছিল একটা কম্প্রোধ করব, ১৯৫১ সালে যা করা হয়েছিল, আজও তা করা হোক। আবার এই বিলের আলোচনা স্থাগত রাখা হোক।

The clearest approach to this human problem would be in a different direction. You cannot forget that the refugees did not come here of their own choice. They have come here forced by circumstances. They have come here dishevelled, bereft of everything they possessed.

আমার প্রদ্তাব হচ্ছে যে অলপ সময়ের জন্য অন্তত স্থাগত রাখা হোক—
১ ঘণ্টাও হতে পারে, ২ ঘণ্টাও হতে পারে: সেবারে ১ দিন রাখা হয়েছিল এবং বিরোধী দলের নেতা এবং গভর্নমেন্টের লোকরা একত বসে মামাংসা করে একটা কম্প্রেমাইজ বিল এনেছিলেন, তেমনি আন্না। এই সাংঘাতিক বিল কেউই অনুমোদন কববে না—কংগ্রেমের লোকও এটা সমর্থন করতে পারবে না। এইরকম বিল আনবেন না। একটা কাগজে দেখলাম কমিউনিন্ট পার্টি, তাদের নিজেদেব গভর্নমেন্ট, কেরালা গভর্নমেন্টকে বলেছে এক চমংকার কথা। তোমরা অপোজিসন পার্টিব সংগ্রে পরামার্শ করে কাজ কর। কমিউনিন্ট পার্টি, কমিউনিন্ট গভর্নমেন্টকে একথা বলছেন-কোন ডেমোক্র্যাটিক গভর্নমেন্ট-এর পক্ষে অপোজিসনকে ইগনোর করা উচিত নয়, তাদের সংগ্রা মিলে মিশে কজে করা উচিত, কারণ তারাও দেশের লোক, দেশের সেবক। যদি আলোচনার ফলে আপোষ সম্ভব না হয়, তথন ভেবে দেখতে হবে, কি করা যায়, সে পরেব কথা। সেজন্ম মন্দ্রীমহাশয়কে অনুরোধ করব

এই বিলের আলোচনা এখন না করে স্থগিত রাখা হোক এবং দুই পক্ষের নেতারা বসে ১৯৫১ সালে যেমন করেছিলেন, আবার সেইরকম করে দেখ্ন--কম্প্রেমাইজ করা যায় কি না সেই চেণ্টা কর্ন। সর্বশেষে আমি আবার অন্রেধ করছি যে, এই অইনকে আপনারা এভাবে পুষ করবেন না। এই বলেই আমি শেষ করছি।

Sj. Jatindra Chandra Chakravorty:

মাননীয় স্পীকার মহোদয়—যে বিল আনা হয়েছে. সে বিলের ধারাগালি যদি আমরা দেখি এবং আইনের যে পরিবর্তন চাওয়া হয়েছে, তার থেকে আমার মনে হয় যে এটা অতান্ত মারাত্মক এবং গভীর চক্রান্তমূলক। ক্ষমতা হস্তান্তরের পূর্বে আমাদের কংগ্রেস নেতারা প্রতিপ্রতি দিয়েছিলেন এবং রেডিও মারফং ঘোষণা করেছিলেন যে ঐপারের ভাই বোনরা যদি মর্যাদা ও আত্মসম্মান নিয়ে সেখনে না থাকতে পারে তাহলে এপারে এলে তাদের জন্য নানারকম বন্দোবদত করা হবে। যখন সেখনে এমন অবস্থার সূচিট হ'ল যে মনুষাত্ব সেখানে অপমানিত, নারীর মর্যাদা সেখানে বিপন্ন এবং যখন সেই অবস্থায় হাজারে হাজারে লাখে লাখে ছিল্লমূল মানুষ এদেশে চলে আসতে ল'গল. তখন নেত'দের সেই প্রতিশুতি কিভাবে কংগ্রেস সরকার রক্ষা করেছিলেন, সেটা, সেই ইতিহাস কাবও অজানা নেই। কংগ্রেসী সরকারের যে প্নর্বাসন নীতি, সেটা একটা শেচনীয় ব্যর্থতার ইতিহাস এবং পশ্চিমবংগর মাননীয় মন্ত্রীবৃদ্দ পুনর্বাসন মন্ত্রী, রাজস্ব মন্ত্রী, কেন্দ্রীয় সরকারের আইন মন্ত্রী এবং অর্থ-মন্ত্রী — তারা বার বার সেই বার্থাতার কথা দ্বীকার করেছেন। তারা বলেছেন যে, ৩১ লক্ষ উদ্বাদত্ পর্ববজ্য থেকে চলে এসেছে, তার মধ্যে কেবলমণ্ড ১৯ লক্ষ লোকের আংশিক পনেবাসন করা হয়েছে। সেই সময় আমরা দেখি, যথন একদল উদ্বাস্ত, যাদের একদিন সব ছিল, পূর্ববংগ যাদেব সোনার সংসার ছিল, সেই সব ফেলে তারা এদেশে এল-সবকারেব কোন সাহায্য না নিয়ে নিজেদের সাহস, নিজেদের চেণ্টা, নিজেদের হিম্মতের উপর নির্ভার করে বনা-শ্রাল এবং সাপ-কুমীরের সঙ্গে লড়াই করে, নানা দুঃখ-কণ্ট ভোগ করে, নানা বিপদ বরণ করে, নতেন করে যথন তারা ঘর বাঁধল, তথন অমরা দেখেছি -১৯৫১ সালে এই আইন করবার চেণ্টা হয়েছিল। কাদের স্বার্থে সেটা হয়েছিল, তা আমরা জানি। নৃতন যারা ঘর করেছিল, তাদের স্বার্থে নয়, হয়েছিল জমিদাবদের স্বার্থে--ঐ লয়ালকা-পোদাব কোম্পানী জমিদারদের স্বার্থে। তথন বহু কন্ট স্বীকার করে, উদ্বাস্তুরা ন্তন যে ঘর তৈয়ার করেছিল, সেটা ভাগ্যবার জনাই সেই বিল তখন আনা হরেছিল। সেদিন সেই ছিলম্ল মান্য রূখে দাঁডিয়েছিল, এর বিরূদেধ আন্দেলন করেছিল তাদের মাথায় লাঠি পড়েছিল এবং তাবা টিয়ার গ্যাস-এর মোকাবেলা করেছিল। আমরা জানি, ১৯৫১ সালে এই এ।'সেমরী ভবনের সামনে এইসব ছিল্লমূল মানুষ সেদিন হাজারে হাজারে জড় হরেছিল এবং তাদের বিক্ষোভ ও আন্দোলনের ফলে আমরা দেখেছিলাম-কলকাতার রাজপথ লাল হয়ে গিয়েছিল। তার ফলেই সেই বিল সংশোধিত হয়েছিল। এবং বিরোধী নেতাদের সাথে বঙ্গে মুখামন্ত্রী মহাশয় বাধা হ'লেন একটা আপোষ করতে। যে বিল আনা হয়েছিল সংশোধিত আকারে তখন তা আইন হয়। আজ আবার সংকট দেখা দিয়েছে তারা যে সমাজ জীবন নতেনভাবে গদে ত্লেছিল ঘববাড়ী তৈয়াৰ কৰেছিল, এই নাতন সংশোধনী বিলেব মধ্য দিয়ে, সেই সৰ বিপর্যস্ত করবার একটা চক্রান্ত করা হচ্ছে যাকে বলা যায় একটা ডায়াবলিক্যাল ম.ভ এই কথা সরকার পক্ষ থেকে বলা হয়েছে—মুসলমানদের বাড়ী যা দথল করা হয়েছে. সেই সব বার্ডী ফিরিয়ে দেবার জন্য এই বিলের প্রয়োজন আছে। কিন্তু আমরা সরকারের এসর কথা বিশ্বাস কবতে পারি না। কাবণ নিরাপতা। আইন এই সভায় যখন মঞ্জুরী নেওয়া হয়, তথন মুখামনতী মহাশয় পরিস্কার এ-কথা ঘোষণা করেছিলেন যে নিরাপতা আইন শুধু সমাজ বিরোধীদের বিরুদ্ধে প্রয়োগ করা হবে। কিন্তু আমরা দেখেছি, বার বার এই নিরাপত্তা আইন, গণতান্ত্রিক আন্দোলনকে দমন করবাব জনা, শ্রমিক আন্দোলনকে দমন করবার জনা প্রযোগ করা হয়েছে। আজু মাননীয় স্প্রিকার মহোদ্য আজু দেখছি যে সেই আইেনব মধ্যে य आहेर र्जापन भाग इर्खाइल, प्रश्नुती इर्खाइल, राष्ट्र ১৯৫১ मारलत रा आहेर, य आहेराक সংশোধন করবার জন্য আজ এই বিল এসেছে—সেদিন কতকগর্লি অধিকার সেই আইনের भारत एक्या शराष्ट्रिक - प्रामिनकात आस्मानतात भातुकः न्वीकात करत राक्या शराष्ट्रिका। प्राप्टे বিলের মধ্যে ছিল ৪নং ক্লজ্ঞ সেদিন ছিল যে, ভেট গভর্নমেন্ট অফারস ফর হিম-

[3-40-3-50 p.m.]

সেই বিলের মধ্যে ৪নং ক্লজে ছিল 'ভেট গভর্নমেন্ট অফারস'। সেই অফারস কথাটার জারগার সৈদিন আন্দোলনের ফলে আপোষ হয়েছিল বিরোধী দলের সাথে এবং ঐ অফারস-এর জারগার প্রোভাইডস করা হয়েছিল। তা ছাড়া চার নন্বর ধারার (এ) এটাড (বি) উপধারা দ্বিটি সম্প্রভাবে সেই আন্দোলনের ফলে সেদিন সংযোজিত হয়েছিল। আজকে আমরা দেখছি, সেই যে অধিকার, তাকে এই এটামেড্মেন্ট সংশোধনী বিলের মারফং, সেই সমসত স্যোগ-স্বিধা লিকুইডেট করে দেবার জনা, নিশ্চিস্ন করে দেবার জনা, একটা চক্রান্ত চলেছে। যথন বিরোধী দলের নেতৃব্দের সাথে মুখ্যমন্ত্রী নিজে আপোষ করে, সমঝোতা করে সেদিন যে আইন তৈরী হয়েছিল, আজকে তিনি গ্রস রীচ অফ ফেইথ করে এই ন্তন সংশোধনী প্রস্তাব এনেছেন। যতক্ষণ পর্যানত না, বিরোধী দলের নেতাদের সাথে সেই সম্পর্কে কোন আপোয় আলোচনা করে এই আইন সংশোধনী প্রস্তাব না আনা হচ্ছে, সে পর্যানত আমরা একে সমর্থন করতে পারি না। প্রেস নোট বের করে বলা হয়েছে এই যে, বিল আনা হয়েছে তাতে—

regularisation of squatters colonies will not be affected as a result of the passage of the amending Bill.

কিন্তু ইন ফ্যাক্ট্র বাস্তবক্ষেত্রে আমরা দেখছি এখনও পর্যন্ত কোন স্কোরাটারস কলোনী সম্পূর্ণভাবে রেগ্লোরাইজেসন করা হয় নি। অপ্ল-পতের কথা বলা হয়, কিন্তু বাস্তবপক্ষে এই অপ্ল-পত্র একটা মিসনমার। কারণ, এ্যাট বেণ্ট, অপ্ল-পত্র হচ্ছে—

in the strictest sense it is only a letter of authority to occupy, it is only a licence to possess which is revocable at any time.

ভার্থাৎ এটি বেন্ট অপ্ল-প্রের জায়গায় অনুমতি-পত বলা যেতে পারে। দেখুন, কিভাবে অপ্ল-প্রে ফাট দেওয়া হচ্ছে---

বাঘা-যতীন কলোনীতে ১,৪০০ প্লাট আছে, সেধানে কেবলমাত্র বৈছে বৈছে সিলেক্টেড পারস্নসকে ১৫০টি দেওয়া হয়েছে। তারপর নেতাজী কলোনীতে ১৫০টি প্লাট আছে, অথচ বেছে বেছে মাত্র ২৯টিকে অপণি-পত্র দেওয়া হয়েছে। তারপর বিদাসাগর কলোনীতে ৮০০ ফাামিল আছে, সেথানে চিঠ দেওয়া হয়েছে, মাত্র ৭০টি পরিবারকে, যাতে তারা এসে অপণি-পত্র গ্রহণ করে। এইভাবে দেখছি সেকসন (৪), যে আইন আছে, তর চার ধারা সম্বন্ধে কয়েকলন বন্ধা যে কথা বলেছেন-কম্পিটেন্ট অর্থারটির জায়গায় আজকে দেখছি টেট গভনামেন্ট-এর হাতে সেই সমদত ক্ষমতা ছেড়ে দেওয়া হছে: অথচ আমরা জানি তিন ধারতে, কম্পিটেন্ট অর্থারটি যে এভিকসন অর্ডার দিত, এবং এভিকসন অর্ডার দেওয়ার পর, একজিকিউসন করবার জন্য গভনামেন্টকে কতকগ্নলি সর্ভ প্রতিপালন করতে হাত। আমাদের এই আইনে দেখছি যে, কম্পিটেন্ট অর্থারটি, সেই ডিসাইড ক'রত, যে এগাজিকিউসন করবার সময় সরকার সেই শর্ভ প্রতিপালন করলো কি না? কিন্তু বর্তামান এ্যামেন্ডিং বিল-এ দেখছি সেটা ডিটারমিন করবে কে, না কম্পিটেন্ট অর্থারটির জায়গায় স্টেট গভনামেন্ট অর্থাৎ মের প্রসাইদলি, সরকারী কর্মাচারী যারা। আজকে জানতে চাই যে, গভনামেন্টকে ঐ (৩) ধারার শর্ভ পালন করতে হবে, সেই গভনামেন্টের হাতে দায়িত্ব দেওয়া হছে: বিচার করতে হবে সেখানে, সরকার সেই সমসত সর্ভান্ধি প্রতিপালন করছেন কি না?

(Here blue light was lit)

মিঃ দপকার, স্যার, আমি অরও দ্-মিনিট সময় চাই। এবং তারপর দেখ্ন, আর একটা মারাত্মক কথা, যে, এখানে 'এনি ল্যান্ড', এই কথাটা দেওয়া আছে। এর আগে বর্তমান আইনে ১৯৫০ সল অনুযায়ী, একজন উদাবস্তু যদি কোন একটা জায়গা আন-অথরাইজড অকুপেশন ক'রত এবং যদি কলোনীতে এসে ১৯৫২ বা ১৯৫৩ সালে সেই জায়গা দখল ক'রত, তাহলে কম্পিটেন্ট অথরিটি সেটী বিচার করে দেখত—

any land in unauthorised occupation

১৯৫০ সালের আগে করেছিল কি মা? এবং তাহলে ঐ কলোনীতে তাকে আন-অথরাইজড

অকুপায়ার ব'লে গ্রহণ করা হ'ত, ও সেই সমদত শর্ত তাকে উচ্ছেদ করতে গিয়ে ম'নতে হ'ত। কিন্তু আজকে দেখছি কলোনীর ভিতর বহু পলট উদ্বাদতুরা দখল করে বসে আছে। ১৯৫০ সালের আগে থেকে কেউ যদি সেই জায়গা দখল করে থাকে, তবেই কেবলমাত সেটা সম্ভবপর হবে।

তৃতীয়ত, আমরা একটা জিনিষ্দেখছি, প্রে যে অভিনিজ্য জাবী করা হয়েছিল, সেই অভিনিজ্য-এর মধ্যে ৯(বি)তে, প্রচালত আইনে কম্পেনসেমন-এব প্রশন আছে। কিন্তু বর্তামান বিল্লে কম্পেসেমন-এর ব্যাপারে আজকে দেখছি পলা হয়েছে

for the period of unauthorised occupation by certificate procedure under Public Demands Recovery Act

অনুসারে রিায়ালাইজ করা হবে। কিন্তু ঠিক নির্বাচনের প্রে থখন গলায় কাঁটা বিধেছিল, তখন আমরা দেখেছি সেই অভিনিন্দ-এব মধ্যে এই ধারাগ্রিল ছিল না। আজকে যখন নির্বাচন শেষ হয়ে গিয়েছে, তখন আমরা দেখতে পাছি এই সাটিফিকেট প্রাসিডিওর এর কথা তার মধ্যে সন্মিরেশিত করা হয়েছে। আন্ত্র শেষ পয়েন্ট স্পাকার মধ্যেদয়, আর একটা কথা আমি আপ্রাকে বলতে চাই, সেটা হচ্ছে কম্পিটেন্ট অথবিটির ব্যাপার সম্প্রেণ।

[At this state the blue light was lit]

আর এক মিনিট, স্পীকার মহোদয়। কম্পিটেন্ট অর্থারিটির সামনে উদ্বাস্ত্রা গিয়ে যে রিপ্রেজেন্টেসন করতে পারত এবং -

reasonableness of its findings could be tested judicially by appeal before a tribunal or by an appeal under section 227 of the Indian Constitution

আজকে আমরা দেখছি সেই অধিকর এই এয়ামেণ্ডিং বিল-এ নিরে যাওয়া হচ্ছে পেট পভর্নমেন্ট-এর উপরে, এবং এই অধিকার দেবার ফলে আমাদের কোন এয়াপীল-এর সন্যোগ থাকছে না। সন্তরাং হাই কোটা-এ যাওয়ারও কোন সন্যোগ থাকছে না, এবং এর ফলে আমরা দেখিছে যে, ডিসক্তিমিনেসন-এর সন্যোগ দেওয়া হচ্ছে যারা কংগ্রেস বিরোধী উদ্বাস্তু ভাদের বির্দেধ গভর্নমেন্ট অফিসিয়ালসবা আজকে ঐ অইন প্রশোগ কবনে। আমার মনে হয়, এর ফলে, এতে সন্দেহ করা অসম্ভব নয়, এবং আশাকা আমাদের আছে পলিটিকালে কর্মসিড বেসন থেকে এই বিল আনা হচ্ছে।

স্তরাং আমার বস্তবা হচ্ছে এই বিল এইভাবে পাশ না কবে, ডঃ স্বেশচন্দ্র বন্দোপাধার যে প্রস্তাব করেছেন এবং শ্রীসমন মুখারুণী মহাশয় যে প্রস্তাব করেছেন, যে বিরোধী দলের সংগে বসে বিচার বিবেচনা করে, তারপর যেন এই বিল অ'না হয়। যদি তাঁদের সদিচ্ছা থাকে এবং যদি তাঁদের বদ মতলব না থকে, তাহলে আমি আশা করবো তাঁরা আমাদের প্রস্তাব মেনে নবেন।

[3-50—4 p.m.]

Sj. Apurba Lai Majumdar:

িমিঃ স্পীকার, সাার, এটি ১৬ অফ ১৯৫১, সংশোধনী বিল আইনটার প্রথম শিরনামা হ'ল Rehabilitation of Displaced Persons and Eviction of Persons in Unauthorised Occupation of Land Act, 1951.

এই নামটার সঞ্জে যে সংশোধনী বিল উত্থাপন করা হয়েছে, তার কোন যোগাযোগ আছে বলে আয়োর মনে হয় না। আমার মনে হয়—

rehabilitation of displaced persons and

প্র্যুক্ত বাদ দিয়ে এখানে---

eviction of persons in unauthorised occupation

দীড়িয়েছে। এই আইন প্রথম যথন ১৯৫১ সালে গ্রহণ করা হেয়ছিল, তথন সেদিন যাঁরা এই আইনকে পাইলট করেছিলেন, তাঁদের তরফ থেকে অনেক ভাল, ভাল কথা এই আইন সভার ৰুক্ষে উচ্চারিত হয়েছিল। আমর দেখেছিলাম সেদিন তাঁরা এই আইনকে বলতেন—

it is our anxiety for the refugees that has compelled us to bring forward this Bill,

আর আজকে এই আইনের সংশোধনী যে ধারাগর্বল উত্থাপন করা হয়েছে, তার মধ্যে দুন্তকটা ধারা এমনিই দেখতে পাই, তাতে এই কথা লেখা আছে যে—

it would cause hardship to the owner;

এবং এই যে 'হার্ডাশপ ট্র দি ওনার', এটাকে কমাবার জন্য-

তাতে এ-কথাগর্বল লেখা আছে.

it would cause hardship to the owner.

এবং ওনার-এর উপর সিভিল কোর্ট'-এ যে পন্থা নিয়ে উন্বাস্তদের বাড়ী থেকে উচ্ছেদ করা যেত সেটা না করে সে জাস,জি ক্ষমতা দিলেন, পর্লিশের সাহাযো বাড়ী থেকে উচ্ছেদ করতে পারবে। গতকাল খ্রীযুক্তবিমলচন্দ্র সিংহ মহাশয় কতগুলি কথা বলেছিলেন আমি সেগুলি শৈশাসংকাবে শোনবার চেণ্টা করেছি। তিনি বলেছিলেন কলকাতায় কন্পিটেন্ট অর্থারিটির কোর্ট-এ যে ২৫০টা মামলা দায়ের হয়েছে, তার মধ্যে মত্র ৪২টির পনের্বাসনের স্থোগ কম্পিটেন্ট অর্থারটির মাধ্যমে করতে পেরেছেন। এটা অত্যন্ত অন্যায় কথা। ১৯৫৭ সাল প্র্যান্ত কম্পিটেন্ট অর্থারটি কোর্ট এ যে-সমস্ত মামলা ডিসপোজড অফ হয়ে গিয়েছে তার মধ্যে কলক। তায় ৪২ জনেব বন্দোবস্ত করেছেন, বাঙ্গান, জমি ইত্যাদি দেবার বাবস্থা করেন। মাননীয় স্পীকার মহ।শয়, আমি এর সজে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়ের দূল্টি হাওড়া জেলার প্রতি আকৃণ্ট করতে চাই। হাওড়া জেলায় ১৯৫১ সাল থেকে আরম্ভ করে এই মে পর্যান্ত ৭৬৭টি মামলা দায়ের হয়েছে এবং তার মধ্যে ৬৩৯ কেসেস ডিসপোজভ হয়েছে। ১৬২টি বাড়ী দথল কবা হয়েছে, কোট থেকে বায়ও দেওয়া হয়েছে কিন্তু আমাদের সরক র ৪।৫ বছর ধরে মাত্র ১১টি বাড়ী খালি করতে পেরেছেন অথচ এই ৪৬২টি বাড়ী সম্পূর্ণ খালি করে ল্যান্ডলর্ডকে পজেশন দেওয়ার জন্য কোর্ট-এর ফাইন্ডিংস ছিল এবং এটা ১৯৫২ থেকেই আরুভ হয়েছে। কিন্তু তা সত্ত্তে আমরা দেখছি বিকল্প ব্যবস্থা, অপ্ল'নৈতিক প্নেৰ্বাসন ব্যবস্থা করে সে বাড়ী দেওয়া হয় নি। এবং শুধু তাই নয়, <mark>রেকমেণ্ডেশন</mark> ফর হিংমাবিলিটেশন, তার মধ্যে ৯৫টি রিফিউজী কেসের মধ্যে যেখানে অন্ততঃ ১ হাজার উন্বাহত পরিবারের অন্যত্র বাসম্থানের বাবম্থা ক'রে পুনর্বাসনের ব্যবস্থা করার জন্য কোর্ট থেকে ভাইরেকসন দেওয়া হয়েছে. সেক্ষেত্রে আমাদের সরকার পাঁচ বছরে ২৮টি পরিবারের প্নর্বাসনের ব্যবস্থা করতে পেরেছেন, এটা সরকারের চরম ব্যর্থাতারই পরিচায়ক। বিভিন্ন জায়গায় কোর্টের ডাইরকেসন– অনেক জায়গায় এমনও অর্ডার হয়েছে, উইদিন টু মান্থস ল্যান্ডলর্ডকে জায়গা দেবার জনা, আমি অবাক হয়ে গেলাম, কোর্টের নির্দেশ সত্তেও কোর্টের অর্ডার ফ্লাউট করা হয়েছে। আমি, মাননীয় স্পীকার মহাশয়, এখানে স্মরণ করিয়ে দিতে हाँहे रय, भारत हाउड़ा भार्वार्डाडभारतहे ১৬िট करलाती स्थालत कता हर**सरह राधात एएक** এক হাজার পরিবারকে জমি থেকে উচ্ছেদ করা হয়েছে। যাদের বিরুদ্ধে মামলা নাই, যেখানে জমি না দিলেও চলতে পারত, তাদের কেস্বিচার করে তাদের প্রবাসনের ব্যবস্থা করা হয়েছে। কিন্তু যাদের বিরুদ্ধে ডিক্রী হয়েছে, কম্পেনসেশন আদায় করাব জন্য তাদের বেলায় অর্ডার এগজিকিউট করে তাদের ঘটিবাটি পর্যন্ত আটক করা হয়েছে এবং পর্লাশের সাহত্য্য বাড়ী থেকে বের করে দেবার ব্যবস্থা করা হয়েছে। বছরের পর বছর তারা সে-সব বাড়ীতে থাকতে বাধা হয়েছে। অথচ সরকার ভাদের পুনর্বাসনের ব্যবস্থা না করে অন্য লোকের পুনর্বাসনের ব্যবস্থা করেছেন। মাননীয় স্পীকার মহাশয় আমি এ-সম্পর্কে একটা চিঠির প্রতি রাজ্যসরকারের দৃণ্টি আকর্ষণ করছি; হাওড়ার

Competent authority 3rd September, 1950,

লিখছেন, রিহ্যাবিলিটেশন ডিপার্টমেন্ট-এ—চিঠির নন্বর হচ্ছে ৮৫ স.এ. এতে মন্তব্য করা। হয়েছে, It has been reported to me by some pleaders representing the refugees that many persons against whom no case has been started are being given residential plots at Jogacha and Balarampota within P.S. Bouria but it is not understood why the refugees in unauthorised occupation of Muslim houses cannot be rehabilitated there. There should be preferential treatment in the matter of rehabilitation of such persons in unauthorised occupation. In order to avoid haphazard allotment of land to displaced persons some priorities on definite principles should be laid down. I bring the above representation of the refugees to your attention for suitable action.

[4-4-10 p.m.]

As the matter is urgent I would request you to let me know what arrangements have been made for the rehabilitation of these displaced persons and it they may be allotted land as suggested, for which many refugees have expressed their preference to me.

The names and addresses of the owners and the persons in unauthorised occupation (displaced persons) with the copies of orders had already been sent to you.

এখন অবস্থা দেখনে, আজকে আমি খোঁজ নিয়ে জানতে পারলাম, ১৯৫০ সালের থার্ড সেপ্টেম্বর, কাম্পিটেন্ট কোর্ট লিখছেন অথচ আজ পর্যাদত তার জবাব তাঁর কাছে পেণীছায় নি। এর ফলাফল কি হয়েছে, এ-সম্পর্কে দ্য়েকটা কথা বলাও দরকার। এখন আমরা কোন ন্তন কেস দেখি না, ৩১শে থেকে কোন ন্তন কেস উত্থাপন করতে পারেন নি, কোন বাড়ীওয়ালা উল্ছেদের স্যোগ নিতে পারে নি। ১৯৫১ সালে আইন-সভায় এটা প্রথম উত্থাপিত হয়েছিল, তথন এ-কথা বলা হয়েছিল -

The usual procedures for eviction of the trespasser through civil court are expensive, dilatory and harassing to the parties concerned, and they also cause great hardship to the refugees unless they can get lands for their resettlement.

কিন্তু আমরা দেখেছি এই আইন এক বছর বাড়িয়ে নেন। এখন আমরা দেখাছ ন্তন কোন কেস এই আইনের মাধামে চাল্ল করা সম্ভব হবে না এবং ৩১শে মার্চের পর থেকে লান্ডলর্ড উচ্ছেদের স্যোগ থেকে বিশ্বত হচ্ছে। আর একটা বিশেষ ধারায় বিভিন্ন বক্তারা বলেছেন — যারা ম্সলমানের বাড়ীতে দীর্ঘদিন ধরে বাস করে আসছে, তারাও এইভাবে আইনের সংশোধনের বলে সেই বাড়ী ছাড়তে বাধা। আমি এই বিষয়ে মন্ত্রীমহাশায়ের দ্ভি আকর্ষণ ব'রে বলতে চাই যে, এই বিল চাল্ল থাকা সত্ত্বেও এই স্কীম করা হয়েছে, কিন্তু কথা ছিল হাউস-বিলিডং লোন পেয়ে বাড়ী কনস্টাক্ট করা চাই। কিন্তু আমি জানি বাড়ীর ক্লান স্যাংশন এক বছরের অধিক সময়ের মধ্যে একটিও করা হয় নি। স্ত্রাং এইভাবে প্রকারান্তরে তাদের বাড়ী ছাড়তে বাধ্য করাই হবে; এখন এই অবস্থায় তারা কোথায় গিয়ে দাঁড়াবে?

এবার কন্পেনসেসন ব্যাপার নিয়ে কিরকম অন্যায় করা হচ্ছে, সে সন্বথে দ্রেরটা কথা বলেই আমি আমার বস্তুব্য শেষ করব। সিভিল কোট প্রোসিডিওর-এর মারফং কন্পেনসেসন আদার করার রীতির সপ্পেই আমরা পরিচিত। সমস্ত লোকের ক্ষেত্রে এই সিভিল কোট প্রোসিডিওরই প্রয়োজ্য হয়; কিন্তু রিফিউজীদের বেলায় ডিসক্রিমনেশন করে বলা হচ্ছে সাটিফিকেট জারী করে আদায় করতে হবে। আরো একটা জিনিষের প্রতি আমি কিছ্ব বলতে চাই. এবং এটাই হচ্ছে স্বচেয়ে মারাত্মক ব্রটি, এই বিলের মধ্যে—কন্পিটেন্ট অথরিটিকে সমস্ত রকম নির্দেশ প্রপার্রলি একজিকিউটেড হচ্ছে কিনা সেটা দেথবার জন্য কোন প্রভিসন বা ক্ষমতা দেওয়া হয় নি এই বিলে, অথচ ক্লজ ৯-এতে স্পারিনটেন্ডেন্ট অফ প্রলিশ অর প্রলিশ ক্ষমণনারকে পাওয়ার দেওয়া হচ্ছে জোর ক'রে সরিয়ে দেবার জন্য। এটা কোন মতে উচিত হল্ল নি।

[4-10-4-20 p.m.]

Si. Subodh Banerjee:

